প্রকাশনার ৮৫ বছর
সাপ্তাহিক
প্রতিবেশী
সংখ্যা : ৩৫ ❖ ৫ -১১ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

সম্প্রীতির সংস্কৃতি গড়ার প্রত্যয়ে বাংলার সকাশে কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ, ভাটিকানের আন্তঃধর্মীয় সংলাপ মন্ত্রণালয়ের প্রধান ও তাঁর সঙ্গীদের বাংলাদেশ সফর

অনন্ত যাত্রায় ৪০ দিন

"পরবে না মোর পায়ের চিহ্ন এই বাটে"

সন্ধ্যা ক্লারা গমেজ
জন্ম: ২৩ ফেব্রুয়ারি, ১৯৫০ খ্রিস্টাব্দ (করান)
মৃত্যু: ১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ (বাগদী)
নাগরী মিশন

আমাদের মাসী, নাম সন্ধ্যা। নিষ্পাপ একটি শিশু সন্ধ্যাতারা হয়ে জন্মে ছিল বাবা-মায়ের কোল জুড়ে। আদর ভালবাসা অল্পতেই নিভে গেছে। ৯ বৎসর বয়সেই হারাতে হয়েছে বাবাকে। কিছুই পূর্ণ হলো না। যখন চাওয়া পাওয়ার পরিমান থাকে বিশাল। জীবনের শুরুটা ওখানেই থেমে গিয়েছিল অনেকটাই। কষ্ট নেমে এসেছিল সেই ছোট বয়স থেকেই। জীবন জীবিকার যুদ্ধে নামতে হয়েছিল দাদুর হাত ধরে। যুদ্ধ, ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়েই চলছিল জীবন। এরই মধ্যে 'সুখ' উকি মেরে দেখা দিয়েছিল। অনেক বড় ঘড় দেখে দাদু বিয়ে দিল। ভালই চলছিল সব কিছু। কিন্তু একদিন সুখ নামের পাখিটা কোথায় যেন উড়ে চলে গেল। কোথায় গেল আর কখনো ফিরে এলো না। 'সুখ' বেশীদিন রইল না। নেমে আসল কালো ছায়া। লাঞ্ছনা, বাঞ্ছনা, দুঃখ ঘিরে ফেলল জীবন টাকে। সেখান থেকে বের হতে পারেনি আমাদের মাসী।

জীবন যুদ্ধে অনেক পথ পায়ে হেঁটেছেন এই মানুষটি। রাস্তায় রাস্তায় গ্রামের পর গ্রাম ঘুরে বেরিয়েছেন এই মানুষটি। ক্ষুধার তারণায় অনেক বাড়ীতে ছুটে গেছে। তৃষ্ণা মিটিয়েছেন অনেকেই। ভালবেসে অনেকেই দিত টাকা, শাড়ী, কাপড়। অনেকে ভালোবাসত মানুষটিকে। এই মানুষটিকে আর ছুঁটে যেতে দেখবেনা কোন বাড়ীতে, রাস্তা-ঘাটে, সাধু আন্তনীর চত্বরে কিংবা গির্জার প্রাঙ্গনে।

আমাদের মাসীর জন্ম হয়েছিল দুঃখকে সাথে নিয়েই। একাকী জীবন-যাপন করছিল। এর-ই মধ্যে পার হলো ৭৫ বৎসর ৬ মাস। জীবনে বড় কোন রোগ দেখা দেয়নি। তবে শরীরের উপর হয়েছিল অনেক অত্যাচার, নির্যাতন। যা গোপনই রয়ে গেল। সবই সহ্য করেছে। প্রতিবাদ করেনি কখনো। কোন অভিযোগ ছিল না কারও প্রতি। মানুষটি ছিল নিষ্পাপ ফুলের মতো পবিত্র। তার ভিতর কোন পাপ, হিংসা ছিল না। ছিলোনা কোন চাওয়া পাওয়ার চাহিদা। ভালো বিছানা, ভালো পোশাক, ভালো খাবার এগুলো হয়তো স্বপ্ন ছিল। একটা মানুষ তার জীবন টাকে অনেক ভাবে উপভোগ করতে চায়, সুন্দর করে নিজেকে সাজাতে চায়, আয়নার সামনে নিজেকে একটু দেখতে চায়। তা ও শুধু স্বপ্ন ছিল। স্বামী-সন্তান নিয়ে অন্যদের মতো সংসার করতে চেয়েছিল। তাও হয়নি। পূবের আকাশে মেঘের মত সব মিলিয়ে গেল কোথায় যেন।

জীবনে অনেক মাইলের পর মাইল একাই পা-দু'টো দিয়ে হেঁটে চলেছিল। গাড়ীতে চড়ার সখ বা পয়সা কোনটাই ছিল না।

পায়নি সুখের দেখা। নিঃসঙ্গ জীবনযাপন করেছে। জীবনের সাথে কখনো ভালো কিছু হয়নি। কিন্তু কেউ কেউ ছিল তার খবর নিতে, তাকে একটু ভাল রাখতে। একশো ভাগ সম্ভব হয়নি হয়তো, এখানটাই আমাদের ব্যর্থতা। এইযে, আমি চোখের পানি দিয়ে লিখেছি, পাঠক বন্ধু আপনি যখন পড়বেন হয়তো আপনার চোখেও অশ্রু ঝরবে। কলম থেমে যাচ্ছে, ভাষা হারিয়ে ফেলেছি। আমাকে ক্ষমা করো মাসী। আমার দেখা এই পৃথিবীর সবচেয়ে ভালো একটি মানুষ ছিল। আমরা তোমাকে অনেক ভালবাসি মাসী। এই ভালোবাসা যেন কখনো শেষ না হয়।

আমাদের মাসী কখনো কোন নভেনা, রবিবারের মিশা বাদ দিত না। তাই ২৭ জুলাই মিশায় যোগ দিতে যাচ্ছিল। পথে বাইক নামক যন্ত্রটি মাসীর ডান হাতের উপর দিয়ে চলে যায়। হাতের গোড়া থেকেই ভেঙ্গে যায়। চিকিৎসা দেওয়া হয়েছিল ডিভাইন মার্সি হসপিটালে। প্লাস্টারের ভারী বুঝা নিয়ে চলতে খুব কষ্ট হচ্ছিল মাসীর।

৩১ আগস্ট রবিবার বিকাল ৪ টায় গ্রামের এক বাড়ীতে পেটের জ্বালা নিভাতে খাবার খেয়ে ক্ষুধা নিবারণ করে। নিজের ঘরে ফিরে আসে সম্ভবত বিকাল ৫ টায়। ঐ রাতেই মাসীর মৃত্যু হয়। মৃত্যুর সময় কি সন্ধ্যারাত, না মাঝপ্রহর, না ভোর, আমরা কিছুই জানিনা। মৃত্যু যন্ত্রনা কতটা তীব্র ছিল, কতক্ষণ ধরে ছিল, পানি চেয়েছিল, না আমাদের ডেকেছিল কিছুই জানিনা। মাসী খাট থেকে নিচে পড়ে ছিল। নাকে আঘাতের চিহ্ন ছিল এবং রক্তক্ষরণ হয়েছিল। ১ সেপ্টেম্বর সকাল ৯:৩০ মিনিটে জানা গেল আমাদের মাসী নাই। কি হয়েছিল মাসীর সাথে, কি ভাবেই মৃত্যু হয়েছিল আমরা কিছুই জানিনা। আমাদের আরেক বড় অপরাধ। ক্ষমা করো মাসী।

হে ঈশ্বর, তোমাকে তো সব সময় বলেছিলাম একা ঘরে মৃত্যু দিওনা। তাহলে কেন দিলে প্রভু। আমাদের হাজার প্রশ্ন তোমার চরণে রেখেছি। তুমি সব দেখছো প্রভু। আমরা তো তাকে কোন হসপিটালে নিতে পারেনি, কোন সেবা দিতে পারিনি, পাপস্বীকার, কমনিয়ন, অন্তিলিপন কিছু-ই দিতে পারেনি। প্রভু তুমি আমাদের আর মাসীকে ক্ষমা করে দিও।

আমি জানি স্বর্গদূতেরা আসবে ৪০ দিনে তূরী বাজিয়ে তাকে স্বর্গে নিয়ে যেতে। ঐপারে তাকে অনেক অনেক সুখে রেখো প্রভু। তার আত্মার চির শান্তি কামনা করে এই প্রার্থনা তোমার চরণে রাখি।

প্রার্থনা করি তাদের জন্য যারা মাসীকে ক্ষুধা নিবারণ করেছে, তৃষ্ণা মিটিয়েছেন, টাকা-কাপড় দিয়ে সাহায্য করেছেন। বিরক্ত হননি বরং ভালোবেসে কাছে ডেকেছেন। আপনারা অনেক ভালো থাকবেন। আপনাদের অনেকের হৃদয়ে অম্লান হয়ে বেঁচে থাকবে এই মানুষটি। মাসীর কারণে কোন ভাবে কেউ কষ্ট পেয়ে থাকলে তাকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন। আমি আপনাদের কাছে ক্ষমা চাইছি। ভুল ক্ষমা করবেন। ধন্যবাদ।

অনেক আদরের
ভাগিনিরা/ভাগিনারা

বিজ্ঞ/২১৭/২৫

সাপ্তাহিক প্রতিবেশী

সম্পাদক
ফাদার বুলবুল আগস্টিন রিবেরু

সম্পাদকীয় বোর্ড
ফাদার কমল কোড়াইয়া
মারলিন ক্লারা বাড়ৈ
থিওফিল নিশারন নকরেক

সহযোগিতায়
সুনীল পেরেরা
নব কস্তা
বিশাল এভারিশ পেরেরা
জেভিয়ার রোজারিও

প্রচ্ছদ পরিকল্পনা
ফাদার বুলবুল আগস্টিন রিবেরু

প্রচ্ছদ ছবি
সংগৃহীত

সার্কুলেশন ও বিজ্ঞাপন
মেরী তেরেজা বিশ্বাস
প্রান্ত গমেজ

বর্ণ বিন্যাস ও গ্রাফিক্স
দীপক সাংমা
পিতর হেম্ব্রম
সাম্য টলেন্টিনু

মুদ্রণ : জেরী প্রিন্টিং
৬১/১, সুভাষ বোস এভিনিউ
লক্ষ্মীবাজার, ঢাকা - ১১০০
ফোন: ৪৭১১৩৮৮৫

চিঠিপত্র/বিজ্ঞাপন/গ্রাহক
চাঁদা/ লেখা পাঠাবার ঠিকানা
সাপ্তাহিক প্রতিবেশী
৬১/১, সুভাষ বোস এভিনিউ
লক্ষ্মীবাজার, ঢাকা - ১১০০, বাংলাদেশ
ফোন: ৪৭১১৩৮৮৫
মোবাইল : ০১৭৯৮৫১৩০৪২
E-mail :
wklypratibeshi@gmail.com
Visit: www.weekly.pratibeshi.org
মূল্য : ১০ টাকা মাত্র

সম্পাদক কর্তৃক খ্রীষ্টীয় যোগাযোগ কেন্দ্র ৬১/১, সুভাষ বোস এভিনিউ, লক্ষ্মীবাজার ঢাকা-১১০০ থেকে মুদ্রিত ও প্রকাশিত

বর্ষ : ৮৫, সংখ্যা : ৩৫
০৫ অক্টোবর - ১১ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ
২০ আশ্বিন - ২৬ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ

সম্পাদকীয়

সম্প্রীতির সংস্কৃতি গড়ে তোলার আহ্বানে
ভাটিকানের কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ ও তার সঙ্গীদের বাংলাদেশ সফর

বিশ্ব আজ নানা দ্বন্দ্ব, বিভাজন ও ভুল বোঝাবুঝিতে বিপর্যস্ত। ধর্মীয় পরিচয়কে ঘিরে বিদ্বেষ যখন মানুষকে মুখোমুখি দাঁড় করিয়ে দিচ্ছে, তখন সময় এসেছে আন্তরিক ও গভীর কোন কার্যক্রমে নিয়োজিত হবার–যার নাম 'আন্তঃধর্মীয় সংলাপ'। সংলাপ শুধু আলোচনা নয়, হৃদয়ের সেতুবন্ধন। আন্তঃধর্মীয় সংলাপ কেবল তথ্যের আদান-প্রদান নয়, বরং এটি একে অপরকে জানার, বোঝার এবং শ্রদ্ধা করার একটি আন্তরিক প্রয়াস। কাথলিক ধর্মতত্ত্ব অনুযায়ী, প্রতিটি মানুষ ঈশ্বরের অনন্য সৃষ্টি, এবং প্রতিটি ধর্মে রয়েছে সত্য ও পবিত্রতার কিছু না কিছু প্রতিফলন। এই উপলব্ধিই সংলাপের ভিত্তি।

সংলাপ শুরুর প্রথম ধাপ হলো, নিজেদের মধ্যে ভ্রাতৃত্বের মনোভাব সৃষ্টি করা–যেখানে কোনো পক্ষই অপরকে ধর্মান্তর করার উদ্দেশে নয়, বরং বোঝার আগ্রহ নিয়ে এগিয়ে আসে। এই সংলাপে চারটি মূল দিক গুরুত্ব পায়: প্রথমত, জীবনের সংলাপ (Dialogue of Life) যেখানে ভিন্ন ধর্মাবলম্বীরা একত্রে বসবাস করে, দৈনন্দিন জীবনের সুখ-দুঃখ ভাগ করে নেয়; দ্বিতীয়ত, কর্মের মধ্যদিয়ে সংলাপ (Dialogue of Action) যেখানে মানুষ একত্রে মানবিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে–দরিদ্রদের সেবা, প্রাকৃতিক দুর্যোগে ত্রাণ বিতরণ, শিক্ষা ও স্বাস্থ্যসেবায় অংশগ্রহণ ইত্যাদি; ধর্মীয় অভিজ্ঞতার সংলাপ (Dialogue of Religious Experience) যেখানে ভিন্ন ধর্মাবলম্বীরা একে অপরের প্রার্থনা, উপবাস, উপাসনা ও আধ্যাত্মিক অনুশীলন সম্পর্কে জানে ও সম্মান করে এবং ধর্মতাত্ত্বিক সংলাপ (Dialogue of Theological Exchange) যেখানে বিশেষজ্ঞগণ এবং ধর্মতাত্ত্বিকরা ভিন্ন মত ও বিশ্বাসের গভীর দিকগুলো নিয়ে আলাপ করেন। এটি সত্য অনুসন্ধানে সহায়ক হয়, ভুল বোঝাবুঝি দূর করে এবং পারস্পরিক শ্রদ্ধাবোধকে দৃঢ় করে।

বাংলাদেশ বহুজাতিক ও বহুধর্মীয় একটি রাষ্ট্র, যেখানে মুসলিম, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টানসহ বিভিন্ন ধর্মাবলম্বীরা যুগ যুগ ধরে সহাবস্থান করে আসছে। এই সহাবস্থানে শান্তি, সহনশীলতা ও পারস্পরিক সম্মান বজায় রাখতে আন্তঃধর্মীয় সংলাপের গুরুত্ব অপরিসীম। এই প্রেক্ষাপটে কাথলিক মণ্ডলীর ভূমিকা বিশেষভাবে উল্লেখযোগ্য। কাথলিক চার্চের শিক্ষা এবং কার্যক্রমের একটি মৌলিক অংশ হলো "সকলের প্রতি ভালোবাসা ও সম্মান প্রদর্শন"। বাংলাদেশে কাথলিক মণ্ডলী এই নীতিকে সামনে রেখে আন্তঃধর্মীয় সংলাপে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে চলেছে। তারা শুধুমাত্র খ্রিস্টান সম্প্রদায়ের স্বার্থ নিয়েই চিন্তা করে না, বরং ধর্মীয় বিভেদের ঊর্ধ্বে উঠে মানবতার স্বার্থে কাজ করে।

গত ৬ থেকে ১১ সেপ্টেম্বর ২০২৫, ভাটিকানের বিশিষ্ট প্রতিনিধি কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ বাংলাদেশ সফর করেছেন। কার্ডিনাল কোভাকাদের এই সফর কেবল আনুষ্ঠানিক সৌজন্য সাক্ষাৎ নয়, বরং এতে ছিল আন্তরিক সংলাপ, পারস্পরিক শ্রদ্ধা ও ধর্মীয় সহনশীলতার বার্তা। তিনি ঢাকায় অবস্থানকালে বাংলাদেশের প্রধান বিচারপতি, ধর্মীয় ও রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন ধর্মীয় এবং শিক্ষা-সেবামূলক প্রতিষ্ঠান পরিদর্শন করেন। প্রতিটি সাক্ষাৎ ও সফরসূচিতে তিনি তুলে ধরেছেন শান্তি, ন্যায়, মানবিকতা এবং পারস্পরিক সম্মানের ওপর গুরুত্বারোপ।

এই সফর এমন এক সময়ে অনুষ্ঠিত হলো, যখন বিশ্বজুড়ে ধর্মীয় অসহিষ্ণুতা ও উগ্রতা বাড়ছে। এই প্রেক্ষাপটে কার্ডিনাল কোভাকাদের বাংলাদেশ সফর যেন শান্তি ও সম্প্রীতির একটি উজ্জ্বল প্রতীক। তিনি তাঁর বক্তব্যে বারবার তুলে ধরেছেন- "মানবতা আগে, ধর্ম পরে"। এমন দৃষ্টিভঙ্গি একদিকে যেমন ধর্মের সার্বজনীন চেতনাকে জাগ্রত করে, অন্যদিকে দেশে-দেশে সাম্প্রদায়িক বিভাজনের বিরুদ্ধে দৃঢ় অবস্থান গ্রহণে উৎসাহ যোগায়।

বাংলাদেশ সরকারও এই সফরের গুরুত্ব অনুধাবন করে আন্তরিক আতিথেয়তা প্রদর্শন করেছেন, যা প্রমাণ করে–ধর্মীয় কূটনীতিক সম্পর্ক আজ আর কেবল আধ্যাত্মিক ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়, বরং এটি শান্তিপূর্ণ সহাবস্থানের ভিত্তি রচনায়ও কার্যকর। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক ছিল, আন্তঃধর্মীয় সংলাপকে ঘিরে এক ধরনের সচেতনতা এবং ইতিবাচক বার্তা জাতির কাছে পৌঁছেছে। মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান নেতারা একসঙ্গে বসে শান্তি, সহনশীলতা ও মানবিক মূল্যবোধ নিয়ে কথা বলেছেন–এটি নিঃসন্দেহে একটি যুগান্তকারী পদক্ষেপ।

কার্ডিনাল কোভাকাদের সফর আমাদের মনে করিয়ে দেয়, সমাজে শান্তি, সংলাপ ও সহানুভূতির পরিবেশ সৃষ্টি করতে ধর্মীয় নেতা ও প্রতিষ্ঠানগুলোর রয়েছে একটি বড় দায়িত্ব। আমরা আশা করি, এই সফরের প্রেরণায় বাংলাদেশের খ্রিস্টান সম্প্রদায় আরও দৃপ্তভাবে মানবিক, নৈতিক ও আধ্যাত্মিক কর্মে সম্পৃক্ত থাকবে এবং ভালোবাসার সাক্ষ্যদানে সীমার ঊর্ধ্বে উঠবে। †



দেখ, যার অন্তর সরল নয়, তার প্রাণের পতন হবে, কিন্তু যে ধার্মিক, সে তার বিশ্বস্ততা গুণে বাঁচবে। (হাবা ২:৪)



কাথলিক পঞ্জিকা অনুসারে সপ্তাহের বাণীপাঠ ও পার্বণসমূহ ০৫ অক্টোবর - ১১ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

০৫ অক্টোবর, রবিবার
সাধারণকালের ২৭শ রবিবার *(প্রাহঃ প্রাঃ সঃ-৩)*
হাবা ১: ২-৩; ২: ২-৪, সাম ৯৫: ১-২,৬-৭, ৮-৯, ২ তিম ১: ৬-৮, ১৩-১৪, লুক ১৭: ৫-১০

০৬ অক্টোবর, সোমবার
সাধারণকালের ২৭শ সপ্তাহ *(প্রাহঃ প্রাঃ সঃ-৩)*
সাধু ব্রুনো, যাজক
যোনা ১: ১ -- ২: ১, ১১, সাম যোনা ২: ৩, ৪, ৫, ৮, লুক ১০: ২৫-৩৭

০৭ অক্টোবর, মঙ্গলবার
সাধারণকালের ২৭শ সপ্তাহ *(প্রাহঃ প্রাঃ সঃ-৩)*
জপমালার রাণী মারীয়া, *স্মরণ দিবস*
সাধু-সাধ্বীদের পর্বদিবসের বাণীবিতান: শিষ্য ১: ১২-১৪, গীতিকা লুক ১: ৪৬-৫৫, লুক ১: ২৬-৩৮
(চট্টগ্রাম ধর্মপ্রদেশের প্রতিপালিকার পর্বদিবস)

০৮ অক্টোবর, বুধবার
সাধারণকালের ২৭শ সপ্তাহ *(প্রাহঃ প্রাঃ সঃ-৩)*
যোনা ৪: ১-১১, সাম ৮৬: ৩-৬, ৯-১০, লুক ১১: ১-৪

০৯ অক্টোবর, বৃহস্পতিবার
সাধারণকালের ২৭শ সপ্তাহ *(প্রাহঃ প্রাঃ সঃ-৩)*
***সাধু ডেনিস**, বিশপ এবং তাঁর সঙ্গীগণ, সাক্ষ্যমরগণ, **সাধু জন লিওনার্দি**, যাজক*
মালা ৩: ১৩-২০ক, সাম ১: ১-৪, ৬, লুক ১১: ৫-১৩

১০ অক্টোবর, শুক্রবার
সাধারণকালের ২৭শ সপ্তাহ *(প্রাহঃ প্রাঃ সঃ-৩)*
যোয়েল ১: ১৩-১৫; ২: ১-২, সাম ৯: ১-২, ৫, ১৫, ৭-৮, লুক ১১: ১৫-২৬

১১ অক্টোবর, শনিবার
সাধারণকালের ২৭শ সপ্তাহ *(প্রাহঃ প্রাঃ সঃ-৩)*
সাধু এয়োব্বিংশ যোহন, *পোপ*, **ধন্যা কুমারী মারীয়ার স্মরণে খ্রীষ্টযাগ**
যোয়েল ৪: ১২-২১, সাম ৯৭: ১-২, ৫-৬, ১১-১২, লুক ১১: ২৭-২৮

প্রয়াত বিশপ, পুরোহিত, ব্রতধারী-ব্রতধারিণী

০৫ অক্টোবর, রবিবার
+ ১৯৯৩ সি. মেরী আইরিন, এসএমআরএ (ঢাকা)
+ ২০০৯ ফা. জভান্নি আব্বিয়াতি,এসএক্স (খুলনা)
+ ২০১৯ সি. মারী টুডু, এসসি (রাজশাহী)

০৬ অক্টোবর, সোমবার
+ ১৯৭৭ সি. এম. আইরিন, আরএনডিএম (চট্টগ্রাম)
+ ২০০৭ ফা. পৌলিন ডেমার্স, সিএসসি
+ ২০২০ ব্রা. রবি থিওডোর পিউরিফিকেশন, সিএসসি (ঢাকা)

০৭ অক্টোবর, মঙ্গলবার
+ ১৯৩৫ ফা. পিটার ডি'রোজারিও, সিএসসি (ঢাকা)
+ ১৯৯৪ ফা. লিও স্যুলিভান, সিএসসি (ঢাকা)

০৮ অক্টোবর, বুধবার
+ ২০০৬ সি. লরেন্সা গমেজ, পিমে (রাজশাহী)

০৯ অক্টোবর, বৃহস্পতিবার
+ ১৯৮৩ ব্রা. দামিয়ান ডি ডেল, সিএসসি (ঢাকা)

১১ অক্টোবর, শনিবার
+ ১৯৭৩ সি. এম জর্জ, আরএনডিএম (চট্টগ্রাম)
+ ১৯৮৬ সি. মেরী সেলিন, এমসি
+ ১৯৯৬ মাদার লুই, এসএসএমআই (ময়মনসিংহ)

ঈশ্বরের পরিত্রাণ: বিধান ও অনুগ্রহ

খ. খ্রীষ্টমণ্ডলীর আজ্ঞাসমূহ

২০৪১ খ্রীষ্টমণ্ডলীর আজ্ঞাগুলো সন্নিবেশিত করা হয়েছে নৈতিক জীবনের প্রসঙ্গে, যা ঔপাসনিক জীবনের সঙ্গে সংযুক্ত এবং তার দ্বারা পরিপুষ্ট। পালকীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত এই আজ্ঞাগুলো বাধ্যতামূলক করা হয়েছে যেন বিশ্বাসীগণের প্রার্থনার মনোভাবে ও নৈতিক প্রয়াসে, এবং ঈশ্বর ও প্রতিবেশীর প্রতি প্রেমবৃদ্ধিতে অতি প্রয়োজনীয় ন্যূনতম নিশ্চয়তা দান করে:

২০৪২ *প্রথম আজ্ঞাটির ("রবিবার দিন ও আদিষ্ট পর্বে খ্রীষ্টযাগে যোগদান করবে এবং দাস্যকর্ম থেকে বিরত থাকবে") দাবী অনুসারে, খ্রীষ্টবিশ্বাসী প্রভুর পুনরুত্থান, ধন্যা কুমারী মারীয়া ও সাধু-সাধ্বীদের স্মরণ ক'রে দিবসটিকে পবিত্র করবে; তা করা হবে প্রথমে খ্রীষ্টযাগে অংশগ্রহণের দ্বারা, যেখানে খ্রীষ্টসমাজ একত্রে সমবেত হয়, এবং সেই কর্ম ও ক্রিয়াকলাপ থেকে বিশ্রাম গ্রহণ ক'রে, যা ঐ দিবসগুলোকে পবিত্রীকরণে বাধা সৃষ্টি করতে পারে।*

দ্বিতীয় আজ্ঞা ("বছরে অন্ততঃ একবার পাপস্বীকার করবে") পুনর্মিলন সংস্কার গ্রহণের মাধ্যমে খ্রীষ্টপ্রসাদের জন্য প্রস্তুতির নিশ্চয়তা দান করে, যা দীক্ষাস্নান সংস্কারের মনপরিবর্তন ও পাপমোচনের কাজটি অব্যাহত রাখে।

তৃতীয় আজ্ঞাটি ("তুমি অন্ততঃ পুনরুত্থানকালে পবিত্র খ্রীষ্টপ্রসাদ গ্রহণ করবে") প্রভুর দেহ ও রক্ত গ্রহণ করার ন্যূনতম নিশ্চয়তা দান করে খ্রীষ্টীয় উপাসনা-অনুষ্ঠানের উৎপত্তি ও প্রাণকেন্দ্র সেই মহা নিস্তার পর্বগুলোর সঙ্গে সংযুক্ত রেখে।

২০৪৩ *চতুর্থ আজ্ঞাটি ("খ্রীষ্টমণ্ডলীর দ্বারা নির্দিষ্ট দিবসে তুমি উপবাস ও মাংসাহার ত্যাগ করবে") কৃচ্ছ্রসাধনা ও প্রায়শ্চিত্তের সময় নিশ্চিত করে, যেগুলো ঔপাসনিক পর্বগুলো পালনের জন্য আমাদের প্রস্তুত করে; এগুলো আমাদের সহজাত প্রবৃত্তির উপরে কর্তৃত্ব ও হৃদয়ের স্বাধীনতা অর্জন করতে সহায়তা করে।*

পঞ্চম আজ্ঞার ("তুমি খ্রীষ্টমণ্ডলীর প্রয়োজনের জন্য সাহায্য করবে") অর্থ হচ্ছে খ্রীষ্টমণ্ডলীর বৈষয়িক প্রয়োজনে সাহায্য করা খ্রীষ্টবিশ্বাসীর কর্তব্য, প্রত্যেকে তার নিজ সামর্থ অনুযায়ী।

গ নৈতিক জীবন ও মিশনকর্মধর্মী সাক্ষ্যদান

২০৪৪ দীক্ষাস্নাত ব্যক্তির বিশ্বস্ততা হল মঙ্গলবাণী ঘোষণা ও *বিশ্বব্যাপী খ্রীষ্টমণ্ডলীর মিশনকর্মের* সর্বপ্রথম শর্ত। পরিত্রাণের সুখবর যাতে তার সত্যের ক্ষমতা ও প্রভা মানুষের সামনে স্পষ্ট করে তুলতে পারে, সেজন্যে খ্রীষ্টবিশ্বাসীদের জীবনের সাক্ষ্য দ্বারা তার সত্যতা প্রতীয়মান করে তুলতে হবে। "খ্রীষ্টীয় জীবনের সাক্ষ্য এবং ঐশ মনোভাবে সৎকর্ম সাধন মানুষকে ধর্মবিশ্বাসের প্রতি এবং ঈশ্বরের প্রতি আকর্ষণ করার মহান ক্ষমতা রাখে।

২০৪৫ খ্রীষ্টভক্তগণ যেহেতু দেহের অঙ্গপ্রত্যঙ্গ যার মস্তক স্বয়ং খ্রীষ্ট, সেজন্যে তারা তাদের দৃঢ় বিশ্বাস ও নৈতিক জীবনের প্রতি অবিরাম নিষ্ঠা দ্বারা *মণ্ডলীকে গড়ে তোলার কাজে অবদান রাখে*। বিশ্বাসীবর্গের পবিত্রতার দ্বারা খ্রীষ্টমণ্ডলী সেদিন পর্যন্ত বৃদ্ধি, পরিপক্ক ও উন্নতি লাভ করতে থাকে, "যতক্ষণ না আমরা সবাই ঈশ্বর-পুত্র সম্পর্কিত বিশ্বাস ও জ্ঞানের ঐক্যে পৌঁছে খ্রীষ্টের পরিপূর্ণতার পূর্ণমাত্রা অনুযায়ী সিদ্ধপুরুষ হয়ে উঠি।"

২০৪৬ খ্রীষ্টের মন নিয়ে জীবনযাপন ক'রে, খ্রীষ্টভক্তগণ *ঈশ্বরের রাজত্বের আগমনকে ত্বরান্বিত করে*, যে রাজ্য হবে "ন্যায্যতা, ভালবাসা ও শান্তির রাজ্য।" ঐসব কারণে, তারা তাদের পার্থিব কর্তব্যকর্ম কখনও পরিত্যাগ করে না; তাদের প্রভুর প্রতি বিশ্বস্ত থেকে তারা ঐসব কর্তব্য ধর্মময়তা, ধৈর্য ও ভালবাসাপূর্ণ অন্তরে পূর্ণ করে চলে।

Message from the Apostolic Nuncio

BILATERAL RELATIONS BETWEEN BANGLADESH AND THE HOLY SEE

The recent visit of the government minister His Eminence George Jacob Cardinal Koovakad shows the excellent bilateral relationship between the Holy See and Bangladesh. Cardinal Koovakad is what the Catholic Church calls, a Prefect. A Prefect is a man or a woman in charge of a dicastery. Cardinal Koovakad's dicastery or government office at the Vatican City State is called: the Dicastery for Interreligious Dialogue.

Photo : PID

The Dicastery for Interreligious Dialogue promotes and supervises relations with members and groups of non-Christian religions. Furthermore, the Dicastery works to ensure that dialogue with the followers of other religions takes place in an appropriate way, with an attitude of listening, esteem and respect. It fosters various kinds of relations with them so that, through the contribution of all, peace, freedom, social justice, the protection and safeguarding of creation, and spiritual and moral values may be promoted. ***This is what just occurred in Bangladesh.***

Cardinal Koovakad and his team visited Hindu and Buddhist temples. They visited the National Mosque and the Islamic Foundation. However, the visits were not sight-seeing tours as much as they were about establishing people to people contact and exchanging ideas, theologies, and concepts, meeting with leaders and the faithful. It was a time of listening and of peering into the eyes of people of other faiths. The openness of the Interim Government and the personal initiative of the Nunciature in conjunction with the Catholic Bishops' Conference of Bangladesh made it a reality. The nuncio in an individual meeting with Pope Leo XIV explained the proposed program to the Holy Father. The pope was very gratified to see that, together with the local bishops of the country and with the encouragement of the Interim Government, such a dialogue and mutual respect would occur in Bangladesh.

As a sign of its total support, the Interim Government made it possible for a thousand Bangladeshi citizens of all faiths: Hindu, Buddhist, Catholic and Protestant Christians, and Muslims to gather at the Bangladeshi China Conference center to hear from faith leaders from around the country, speaking about promoting harmony between brothers and

Photo : PID

বাংলাদেশ ও ভাটিকানসিটি'র দ্বিপাক্ষিক সম্পর্ক

সম্প্রতি ভাটিকানের আন্তঃধর্মীয় সংলাপ মন্ত্রণালয়ের প্রধান কার্ডিনাল জর্জ জ্যাকব কোভাকাদ ও তাঁর টিমের বাংলাদেশ সফর ভাটিকান সিটি ও বাংলাদেশের মধ্যে চমৎকার দ্বিপাক্ষিক সম্পর্কের একটি প্রমাণ। ভাটিকানের "ডিকাস্টেরি ফর ইন্টাররিলিজিয়াস ডায়ালগ বা আন্তঃধর্মীয় সংলাপ মন্ত্রণালয়"- এর প্রধান কাজ হল বিভিন্ন ধর্মের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা বৃদ্ধি এবং সেলক্ষ্যে পরস্পরকে শ্রবণ ও পরস্পরের মধ্যে শান্তিপূর্ণ সংলাপ করা।

বাংলাদেশ সফরে কার্ডিনাল কোভাকাদ হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মীয় বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং বিভিন্ন ধর্মীয় নেতাদের সাথে মত বিনিময় করেন। এটি শুধু সফর নয়, বরং আন্তঃধর্মীয় বোঝাপড়া ও সম্প্রীতির একটি বাস্তব উদ্যোগ ছিল, যা অন্তর্বর্তী সরকারের সহযোগিতা এবং কাথলিক বিশপ সম্মিলনীর সম্মিলিত প্রয়াসে সম্ভব হয়েছে।

মাননীয় সরকারের সহায়তায় হাজারো মানুষ ধর্মীয় সম্প্রীতির আলোচনা অনুষ্ঠানে অংশ নেন। এতে ইমাম, পুরোহিত, যাজক ও সাধারণ মানুষ অংশ নেন এবং ঐক্যের বার্তা প্রকাশ করেন। প্রধান উপদেষ্টা ড. মো. ইউনুস এই উপলক্ষে দেশের ধর্মীয় সহনশীলতা ও নাগরিক অধিকার

sisters. Extremely grateful for the government's assistance of the program, Imams from mosques, Hindu and Buddhist monks, Catholic priests, and Protestant ministers joined other citizens to do what has been done in Bangladesh for centuries, to demonstrate that all of us are brothers and sisters, living a peaceful coexistence with different faith traditions that do not threaten the faith traditions of others. In fact, religious traditions create culture. In the meeting with the Prefect shown above, the Honorable Chief Adviser, Prof. Dr. Md. Yunus highlighted the country's commitment to religious harmony and the interim government's efforts to protect the rights of all citizens, regardless of ethnicity, creed, color, or gender.

Unlike other embassies, the Apostolic Nunciatures or Vatican Embassies, as they are known in common parlance, do not have economic, military or consular affairs. Our embassies are concerned with religious liberty for all religions, not just for the Catholic Church. Our embassies promote a culture of life ethic, as opposed to a culture of death, such as ethnic cleansing, and moreover discouraging euthanasia and the death penalty, for example. The Nunciatures promote peaceful living, instead of war and conflict, and a sound development of the moral conscience on timely, relevant and pertinent issues such as artificial intelligence, always in search of the common good. A nuncio or Vatican Ambassador has two roles: to relate or to represent the Holy Father and the Holy See to the local church and to the state in which the Nuncio is serving. More concretely, one can say that to a nuncio is entrusted the office of representing the Roman Pontiff in a stable manner to particular churches and also to the states and public authorities to which they are sent. This includes when a nuncio is sent to international councils or at conferences and meetings at which time he may represent the Apostolic See.

In the end, bilateral relations are the political, economic, and cultural interactions and agreements between two sovereign states or entities, which are usually characterized by the search for common goals and interests. This search could help both parties to cooperate to achieve these concerns because the pursuit of the common goal might help them to achieve a national interest. The two governments may sign various Memoranda of Understanding on different issues. They may sign an accord or bilateral agreement. A shared common interest leads to mutual recognition. For this reason, there are diplomatic exchanges, like ambassadors. Between Bangladesh and the Holy See, diplomatic relations began 2 March 1973.[1]

As Pope Francis and Ahmad Al-Tayyeb, the Grand Imam Al Azhar, affirmed on 4 February 2019 in Abu Dhabi in their landmark document on Human Fraternity: "Freedom is a right of every person: each individual enjoys the freedom of belief, thought, expression and action. The pluralism and the diversity of religions, colour, sex, race and language are willed by God in His wisdom, through which He created human beings. This divine wisdom is the source from which the right to freedom of belief and the freedom to be different derives." The conclusion of the week of Interreligious Dialogue in Bangladesh is a sign of the healthy and fantastic bilateral relationship between the Holy See and the People's Republic of Bangladesh. It was a concerted effort by both the Interim Government and the Holy See to serve Bangladeshi citizens. May the friendly and cordial relations continue to show how such concrete cooperation can bring great fruit for the citizens of this country, whose culture gives expression to many different faith groups, promoting harmony between brothers and sisters!

1. *Acta Apostolicae Sedis* . Vol. LXV. 1973. p. 236.

রক্ষার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

ভাটিকান দূতাবাস সামরিক বা অর্থনৈতিক কাজ করে না কিন্তু ধর্মীয় স্বাধীনতা ও নৈতিক মূল্যবোধ রক্ষায় কাজ করে। একজন ন্যুনসিও পোপের প্রতিনিধি হিসেবে রাষ্ট্র ও মণ্ডলীর মধ্যে সম্পর্ক রক্ষা করেন।

বাংলাদেশ ও ভাটিকানের মধ্যে কূটনৈতিক সম্পর্ক শুরু হয় ২মার্চ ১৯৭৩ খ্রিস্টাব্দে। এই সম্পর্ক ধর্মীয় সহাবস্থান, শান্তি ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।

পুণ্যপিতা পোপ ফ্রান্সিস ও আল-আজহার গ্রাণ্ড ইমামের ঘোষণার উদ্ধৃতি উল্লেখ করে বলা যায়, সব মানুষের স্বাধীনতা ও ধর্মীয় বৈচিত্র্য ঈশ্বর প্রদত্ত। বাংলাদেশে সপ্তাহব্যাপী ভাটিকান টিমের সফর আন্তঃধর্মীয় সংলাপ এর এক বাস্তব উদাহরণ, যা দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও গভীর করেছে।

বাংলাদেশ ও ভাটিকান সিটি শান্তি, পারস্পরিক শ্রদ্ধা ও ধর্মীয় সম্প্রীতির ভিত্তিতে এক গভীর ও ফলপ্রসূ বন্ধনে আবদ্ধ, যা ভবিষ্যতেও জাতির কল্যাণে অব্যাহত থাকবে।

(বাণীর সংক্ষিপ্তসার বাংলায় প্রকাশ করা হলো।)

ছবিতে কার্ডিনাল কোভাকাদ-এর বাংলাদেশ সফর - ২০২৫

বিমানবন্দরে অতিথিদের বরণ

আর্চবিশপ ভবনে প্রধান বিচারপতি ও ভাটিকানের অতিথিদের স্বাগতম

ছবিতে কার্ডিনাল কোভাকাদ-এর বাংলাদেশ সফর - ২০২৫

ভাটিকান টিমকে আর্চবিশপস হাউজে সম্বর্ধনা, ৬ সেপ্টেম্বর, ২০২৫ Reception to Vatican Team at Ramna Archbishop's House

পবিত্র আত্মা উচ্চ সেমিনারীতে সংলাপ বিষয়ক কনফারেন্স, ৭ সেপ্টেম্বর, ২০২৫
Dialogue Program for Clergy-Religious-Saminarians at Banani

পবিত্র খ্রিস্টযাগ, তেজগাঁও ধর্মপল্লী
Holy Mass at Tejgoan Church

শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে সংলাপ অনুষ্ঠান, কৃষিবিদ ইনস্টিটিউট বাংলাদেশ Dialogue with Students and Professors, KIB
৮ সেপ্টেম্বর, ২০২৫

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা,
প্রফেসর ড. বিধান রঞ্জন রয় পোদ্দারকে বরণ

Cardinal Koovakad and
Professor Dr. Bidhan Ranjan Roy Poddar

Speech of Chief Guest Professor
Dr. Bidhan Ranjan Roy Poddar

সকলকে নিয়ে আন্তঃধর্মীয় সংলাপ অনুষ্ঠান, বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, ৯ সেপ্টেম্বর, ২০২৫
Inter-religious Dialogue with All at Bangladesh-China Friendship Conference Center on 9 September, 2025

ছবিতে কার্ডিনাল কোভাকাদ-এর বাংলাদেশ সফর - ২০২৫

ইসলামিক ফাউন্ডেশন ও বায়তুল মোকাররম মসজিদ পরিদর্শনে ভাটিকানের প্রতিনিধি দল
Visiting Islamic Foundation Office and Baitul Mokarram Mosque on 10 September, 2025

কমলাপুর বৌদ্ধ-বিহার ও বৌদ্ধ মন্দির পরিদর্শন
Visiting Kamlapur-Buddhyo Bihar and Buddhist Temple on 11 September, 2025

রামকৃষ্ণ মিশন পরিদর্শন
Visiting Ramkrishna Mission on 11 September, 2025

সাংবাদিক সম্মেলন, আর্চবিশপস হাউজ, রমনা
Press Conference, Archbishop's House, Ramna on 10 September, 2025

বাংলাদেশে ভাটিকানের রাষ্ট্রদূত আর্চবিশপ কেভিন রান্ডাল ও কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ
Apostolic Nuncio to Bangladesh Archbishop Kevin Randall and Cardinal George Koovakad at Nunciature on 11 September, 2025

সম্প্রীতির সংস্কৃতি গড়ার প্রত্যয়ে বাংলার সকাশে কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ, ভাটিকানের আন্তঃধর্মীয় সংলাপ মন্ত্রণালয়ের প্রধান ও তাঁর সঙ্গীদের বাংলাদেশ সফর

*সম্প্রীতি হলো সদ্ভাব, সৌহার্দ্য, ঐক্য, আনন্দ, বা একে অপরের প্রতি ভালোবাসা ও প্রীতির সম্পর্কের ভিত্তি এবং বিভিন্ন ধর্ম, আধ্যাত্মিক বা মানবতাবাদী বিশ্বাসের অনুসারীদের মধ্যে একটি ইতিবাচক ও সহযোগিতামূলক মনোভাব, যার মাধ্যমে একে অপরের প্রতি বোঝাপড়া বৃদ্ধি, সাম্য, ঐক্যবদ্ধতা ও সম্মান এবং সহনশীলতা বাড়ানোই হলো আন্তঃধর্মীয় সংলাপ। সম্প্রীতি এবং আন্তধর্মীয় সংলাপের মাধ্যমে একটি দেশে সকল ধর্মের মানুষের সাথে আত্মীয়তা এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে তুলতে দেশে ঐক্যবদ্ধ এবং সাম্যের রীতি গড়ে ওঠে। তাই, 'গড়ে তুলি সম্প্রীতির সংস্কৃতি' **(Promoting a Culture of Harmony)** এই বিষয়কে প্রতিপাদ্য করে গত ৬ থেকে ১২ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ এই এক সপ্তাহ ভাটিকানের প্রতিনিধি দল বাংলাদেশের আন্তঃধর্মীয় সংলাপকে উৎসাহিত করতে সফরে আসেন এবং এই এক সপ্তাহ তারা সম্প্রীতি এবং আন্তঃধর্মীয় সংলাপকে ভিত্তি করে বিভিন্ন কনফারেন্সে অংশগ্রহণ করেন। ফলশ্রুতিতে, দুই দেশের মধ্যে রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক এবং আন্তঃধর্মীয় সংলাপের এক আদর্শ ও উত্তম সম্পর্কের ভিত্তি সৃষ্টি হয়েছে। ভাটিকান থেকে আগত কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ ও তার দলের সদস্যরা শিক্ষক ও শিক্ষার্থী এবং আন্তঃধর্মীয় নেতাদের সাথে মত বিনিময় করেন, জাতীয় বাইতুল মোকাররম মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশন, বৌদ্ধ প্যাগোডা ও হিন্দু মন্দির এবং তেজগাঁও কাথলিক গীর্জা পরিদর্শন করেন। তাদের সফরের বিভিন্ন ঘটনার বর্ণনা নিয়ে আমাদের এই বিশেষ প্রতিবেদন।*

রমনা আর্চবিশপ হাউজে ভাটিকান প্রতিনিধি দলের সাথে মাননীয় প্রধান বিচারপতি'র শুভেচ্ছা জ্ঞাপন অনুষ্ঠান

বিগত ৬ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দে রমনা আর্চবিশপ হলরুমে ভাটিকান থেকে আগত অতিথিদেরকে বাংলাদেশ কাথলিক মণ্ডলীর পক্ষ থেকে স্বাগতম ও শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানের শুরুতে আর্চবিশপ হাউজে প্রবেশদ্বারে অতিথিদেরকে মাল্যদান করে বরণ করা হয়। পরে বর্ণাঢ্য শোভাযাত্রা করে মূল অনুষ্ঠানস্থলে অতিথিদেরকে নেওয়া হয়। প্রথমে ফাদার প্যাট্রিক গমেজ বাংলাদেশে আন্তঃধর্মীয় সংলাপের ইতিহাস ও এর সাথে সংযুক্ত ব্যক্তিদের পরিচয় করিয়ে দেন। পরে বাংলাদেশ কাথলিক বিশপ সম্মিলনীর সভাপতি আর্চবিশপ বিজয় এন. ডি'ক্রুজ ওএমআই বলেন, আমি কার্ডিনাল জর্জ কোভাকাদকে বাংলাদেশে আসার জন্য আন্তরিকভাবে স্বাগত জানাই। বাংলাদেশের প্রধান বিচারপতি রেফাত আহমেদ তার বক্তব্যে সকলকে শান্তিপূর্ণ, অন্তর্ভূক্তিমূলক ও সমৃদ্ধ দেশ গঠনের লক্ষ্যে ধর্ম, লিঙ্গ ও জাতিগত বিভাজনের উর্ধ্বে ওঠার আহ্বান জানান। এছাড়া তিনি সাংবাদিকদের কাছে আজকের দিনের তাৎপর্য তুলে ধরেন। কার্ডিনাল কোভাকাদ তার বক্তব্যে বাংলাদেশের শান্তিপূর্ণ সহাবস্থানের ঐতিহ্যের প্রশংসা করেন এবং আন্তঃধর্মীয় সংলাপের গুরুত্ব তুলে ধরেন। শেষে তিনি পোপ ফ্রান্সিসের সার্বজনীন পত্র 'ফ্রাতেল্লী তুত্তি'র কথা স্মরণ করে জাতীয়তাবাদী ও সাম্প্রদায়িক মনোভাবের বিরুদ্ধাচরণ করেন।

বনানী পবিত্র আত্মা উচ্চ সেমিনারীতে সম্প্রীতি বিষয়ক বিশেষ কনফারেন্স

গত ৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ রোজ রবিবার মহামান্য কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ এবং তাঁর সফর সঙ্গীদের উপস্থিতিতে বনানী পবিত্র আত্মা উচ্চ সেমিনারীতে অনুষ্ঠিত হলো সম্প্রীতি বিষয়ক এক বিশেষ কনফারেন্স। এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন সেমিনারীর অধ্যয়নরত সকল সেমিনারীয়ানগণ, সেমিনারী অধ্যাপকবৃন্দ, বাংলাদেশে পালকীয় কাজে রত বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের প্রধানেরা। কনফারেন্সে অতিথিদের ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয়। এরপরে গির্জায় প্রবেশ করার পর অনুধ্যান সহভাগিতা করেন কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ। অতঃপর উদ্বোধনী বক্তব্য রাখেন সেমিনারী কমিশনের সভাপতি বরিশাল ধর্মপ্রদেশের বিশপ ইম্মানুয়েল কানন রোজারিও। গড়ে তুলি সম্প্রীতির সংস্কৃতি এবং অখ্রিস্টান ধর্মসমূহের সাথে মণ্ডলীর সম্পর্ক বিষয়ক ঘোষণা পত্র বিষয়ের উপর জ্ঞানগর্ভ সহভাগিতা করেন মন্সিনিওর ইন্দুনিল। মূল বক্তব্য উপস্থাপিত হওয়ার পর উন্মুক্ত আলোচনায় অংশ নেন দুইজন অধ্যাপক, ফাদার অজিত কস্তা, আর্চবিশপ বিজয়, কার্ডিনাল প্যাট্রিক ডি' রোজারিও, একজন ধর্ম ব্রতিনী সিস্টার ও একজন সেমিনারীয়ান। আলোচনা সভার শেষ ভাগে সভার উদ্দেশে শুভেচ্ছা বাণী রাখেন বনানী সেমিনারীর পরিচালক ফাদার পল গমেজ। বনানীর সেমিনারীয়ানগণ, ফাদারগণ ও পরিচালকমণ্ডলী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সাহায্য সহযোগিতা করেন। তাদের সবার উদ্দেশে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন খ্রীষ্টিয় ঐক্য ও আন্তঃধর্মীয় সংলাপ কমিশনের সেক্রেটারী ফাদার প্যাট্রিক গমেজ।

তেজগাঁও পবিত্র জপমালা রাণী ধর্মপল্লীতে কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদের পবিত্র খ্রিস্টযাগ অর্পণ

৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ সন্ধ্যা ৬ ঘটিকায় রবিবার, পবিত্র জপমালা রাণী গীর্জায় খ্রিস্টযাগ উৎসর্গ করেন কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ। খ্রিস্টযাগে উপস্থিত ছিলেন আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ, আর্চবিশপ লরেন্স সুব্রত হাওলাদার সিএসসি'সহ অন্যান্য বিশপগণ, ফাদার, ব্রাদার, সিস্টার এবং খ্রিস্টভক্তগণ। বিকাল ৫:৩০ মিনিটে অতিথিদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ ওএমআই ও আর্চবিশপ লরেন্স সুব্রত হওলাদার সিএসসি। কার্ডিনাল ও আর্চবিশপগণ, বিশপগণ ও অতিথিগণ তেজগাঁও এর ঐতিহ্যবাহী কবরস্থান ও বাংলাদেশের অতীব পুরাতন গীর্জা পরিদর্শন করার পর তাদের স্বাগতম জানানো হয়। এরপরেই শুরু হয় মহাখ্রিস্টযাগ। উক্ত খ্রিস্টযাগে প্রায় ৫ হাজার বিশ্বাসী ভক্তজনগণ সক্রিয় অংশগ্রহণ করেন। খ্রিস্টযাগের শুরুতেই আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ ওএমআই স্বাগত বক্তব্য রাখেন এবং হলি রোজারী গির্জার সংক্ষিপ্ত ইতিহাস তুলে ধরেন। উপদেশবাণীতে কার্ডিনাল জর্জ কোভাকাদ বলেন, আমরা যে ঈশ্বরের মহান অস্তিত্বকে বিশ্বাস ও স্বীকার করি, সে তুলনা করে নয়, বরং অন্যের জন্য অন্য ধর্মের, বিশ্বাসের, কৃষ্টির, অবস্থার মানুষকে স্থান দেয়া ও তাদের শ্রদ্ধা সম্মান করা। এছাড়া তিনি ঈশ্বরের সাথে মানুষের প্রার্থনার মধ্য দিয়ে সংলাপের গুরুত্বের তাৎপর্য তুলে ধরেন। খ্রিস্টযাগের পরপরই ভক্তজনগণ কার্ডিনাল মহোদয়ের কাছ থেকে আশীর্বাদ গ্রহণ করেন।

ভাটিকান প্রতিনিধি দলের সাথে শিক্ষার্থীদের সংলাপ সেমিনার

গত ৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দে সকাল ৯ টা থেকে দুপুর ১:০০ ঘটিকায় কৃষিবিদ ইনস্টিটিউট বাংলাদেশ, ফার্মগেইট, ঢাকায় কাথলিক বিশপ সম্মিলনীর খ্রীষ্টিয় ঐক্য এবং আন্তঃধর্মীয় সংলাপ কমিশনের আয়োজনে ভাটিকানের কার্ডিনাল কোভাকাদ এবং আর্চবিশপ লরেন্স এস. হাওলাদার সিএসসি, কার্ডিনাল প্যাট্রিক ডি' রোজারিও সিএসসি, বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের ছাত্র শিক্ষক ও কূটনীতিকদের উপস্থিতিতে আন্তঃধর্মীয় সংলাপের আয়োজন করা হয়। উক্ত আন্তঃধর্মীয় সংলাপ অনুষ্ঠানে ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মগুরুরা বিশেষ অতিথির আসন অলংকৃত করেন। শুরুতে বাংলাদেশ এবং ভাতিকানের জাতীয় সঙ্গীত এবং পরে চার ধর্মের পবিত্র গ্রন্থ পাঠ করা হয়। জাতীয় কণ্ঠশিল্পী ও '৭১ এর মুক্তিযোদ্ধা তিমির নন্দী স্যারের তত্ত্বাবধানে এস.এফ.এক্স. গ্রীন হ্যারাল্ড ইন্টারন্যাশনাল স্কুলের ছাত্র-ছাত্রীরা সম্প্রীতির গান অত্যন্ত শ্রুতিমধুরভাবে পরিবেশন করে। অতঃপর মাননীয় কার্ডিনাল প্যাট্রিক ডি' রোজারিও বাংলাদেশে আন্তঃধর্মীয় সংলাপ এর উপর তার মূল্যবান বক্তব্য রাখেন। অনুষ্ঠানের দ্বিতীয়ার্ধে বক্তাগণ ধর্মীয় সম্প্রীতি ও ঐক্য প্রতিষ্ঠার উপর বক্তব্য রাখেন। উক্ত অনুষ্ঠানে বক্তারা সমাজ গঠনে বিভিন্ন ধর্মীয় সহিংসতা, বিভেদের বেড়াজাল ভেঙ্গে আন্তঃধর্মীয় নেতৃবৃন্দদের ধর্মীয় রীতি অনুসরণ করে আলাপ-আলোচনা এবং পারস্পরিক সাহায্য সহযোগিতায় বহুত্ববাদী সমাজ গঠনের আহ্বান করেন। আন্তঃধর্মীয় বক্তব্যের পর উন্মুক্ত আলোচনায় বক্তারা শ্রোতাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

অনুষ্ঠান শেষে অতিথি ও সকল শিক্ষার্থীদের দুপুরের আহারের ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানে সরকারী সিকিউরিটি ফোর্স ও বিভিন্ন ইউনির্ভাসিটির স্টুডেন্টস'সহ প্রায় ৩৬৫ জন অংশগ্রহণ করেন। কাথলিক বিশপ সম্মিলনীর খ্রীষ্টিয় ঐক্য এবং ঢাকার আন্তঃধর্মীয় সংলাপ কমিশনের সদস্য সিস্টার রেবা ভেরোনিকা ডি'কস্তা আরএনডিএম প্রোগ্রাম কোঅর্ডিনেটর ও তার দলের সকল সদস্য-সদস্যাদের সহযোগিতা করার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে আর্চবিশপ লরেন্স এস. হাওলাদার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি করেন।

সিবিসিবি সেন্টারে ভাটিকানের প্রতিনিধি দল

৮ সেপ্টেম্বর সোমবার বিকেলে ঢাকার সিবিসিবি সেন্টারে, ভাটিকান প্রতিনিধি দল ও সকল ধর্মপ্রদেশের আর্চবিশপ, বিশপগণ এবং বিশপীয় কমিশনের প্রায় ১০০ জন সদস্যদের সাথে বিশেষ আলোচনা সভা হয়। অনুষ্ঠানের প্রথম অংশে ভাটিকান প্রতিনিধি দল এবং সকল ধর্মপ্রদেশের আর্চবিশপ এবং বিশপগণ এবং দ্বিতীয় অংশে সকল কমিশন এর নির্বাচিত সদস্যদের সাথে বিশেষ আলাপচারিতায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের প্রথম অংশটি পরিচালনা করেন আর্চবিশপ বিজয় এনডি' ক্রুজ ওএমআই এবং দ্বিতীয় অংশটি পরিচালনা করেন ফাদার প্যাট্রিক গমেজ। অনুষ্ঠানের দ্বিতীয় অংশে শুরুতেই অতিথিদেরকে নৃত্যের মাধ্যমে ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন সিবিসিবির সহ-সভাপতি বিশপ জের্ভাস রোজারিও। অনুষ্ঠানে সহভাগিতা করেন প্রধান বক্তা কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ। এরপর সকলে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠান সমাপ্তি করেন কার্ডিনাল প্যাট্রিক ডি' রোজারিও সিএসসি। এরপর ধন্যবাদমূলক বক্তব্য রাখেন সিবিসিবির জেনারেল সেক্রেটারী বিশপ পল পনেন কুবি সিএসসি। অনুষ্ঠানে খ্রীষ্টীয় ঐক্য ও আন্তঃধর্মীয় সংলাপ কমিশনের সদস্যদের উত্তরীয় পরিয়ে সম্মাননা দেওয়া হয়। এরপর রাতের আহার গ্রহণের মধ্যদিয়ে অনুষ্ঠান শেষ হয়।

বাংলাদেশ কাথলিক মণ্ডলীর আয়োজনে আন্তঃধর্মীয় সংলাপ ও সম্প্রীতি বিষয়ক সেমিনার

গত ৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ, বাংলাদেশ কাথলিক মণ্ডলীর আয়োজনে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হলো আন্তঃধর্মীয় সংলাপ ও সম্প্রীতি বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন। এই সম্মেলনে প্রায় ১০০০ জন অংশ নেন। প্রধান অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. বিধান রঞ্জন রায় পোদ্দার সম্প্রীতির বিষয়ে তার মতামত উপস্থাপন করেন। অতঃপর কার্ডিনাল জর্জ যাকোব কোভাকাদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন। কার্ডিনাল কোভাকাদ বলেন, সংলাপ মানে একে অপরের সঙ্গে সত্যিকারের বন্ধুর মতো সম্মান নিয়ে দেখা করা এবং এটি এই বিশ্বাস যে, মানবজাতির মহৎ ধর্মীয় ঐতিহ্যে ঈশ্বর কাজ করছেন। এসব ঐতিহ্যকে আমাদের মর্যাদা দিতে হবে। সম্মেলনে তিনি অংশগ্রহণকারীদের উদ্দেশে অন্য ধর্মের অনুসারীদের সঙ্গে সংলাপ ও সহযোগিতার মাধ্যমে পারস্পরিক সম্মান ও বোঝাপড়ার পরিবেশ সৃষ্টি করার জন্য আহ্বান জানান। আর্চবিশপ কেভিন রান্ডাল সম্মেলনে পোপ চতুর্দশ লিও এর বার্তা পাঠ করেন। অতঃপর একটি প্রামাণ্যচিত্রের মাধ্যমে কাথলিক চার্চের আন্তঃধর্মীয় উদ্যোগ তুলে ধরা হয়। এরপর জাতীয় সঙ্গীত পরিবেশিত হয় এবং অতিথিদের ফুল দিয়ে বরণ করা হয়। পরে পর্যায়ক্রমে পবিত্র কোরআন, গীতা, ত্রিপিটক ও বাইবেল থেকে পাঠ করে আধ্যাত্মিক পরিবেশ তৈরি করা হয়। হিন্দু, বৌদ্ধ ও মুসলিম ধর্মীয় নেতারাও ভ্রাতৃত্ব ও সম্প্রীতি বিষয়ে মত প্রকাশ করেন।

ভাটিকান প্রতিনিধি দলের ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরি ও জাতীয় মসজিদ বায়তুল মোকাররম পরিদর্শন

১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ, বুধবার, মহামান্য কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ এবং তার প্রতিনিধি দলের সদস্যরা প্রথমে ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরি পরিদর্শন করেন, এরপর জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে একটি সংলাপের আয়োজন করা হয়। সেখানে ড. হারুন অর রসিদ বলেন, "ইসলাম সার্বজনীন এক জীবন। আমাদের বিশ্বনবী হযরত মুহাম্মদ (সাঃ) মদিনার সনদে আন্তঃধর্মীয় সংলাপ সম্প্রীতি, মানবিক মূল্যবোধ সকল জাতি গোষ্ঠীকে নিয়ে একটি অধ্যায় প্রণয়ন করেছিলেন। তার আলোকে আমরা শান্তির বার্তা পৌঁছে দিচ্ছি। আমরা বলতে চাই যে, সকল ধর্মের মত আমাদের ইসলাম ধর্মেও এই আন্তঃধর্মীয় সংলাপ ও সম্প্রীতির গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।" মুন্সিনিয়র ইন্দুনিল বলেন, "আমরা এখানে এসেছি তীর্থযাত্রী হিসেবে। এটি একটি পবিত্র স্থান। তাই আপনাদের ভাই হিসেবে আমরা এখানে এসেছি, যাতে আমাদের ভ্রাতৃত্বের বন্ধন আরও গভীর ও শক্তিশালী হয়। মহামান্য কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ বলেন, "গতকালের প্রোগ্রামটি আমার পছন্দ হয়েছে। আর আজ আপনাদের মত প্রকাশের পরিপ্রেক্ষিতে আমরা ভবিষ্যতেও আপনাদের সাথে যোগযোগ করে এরকম সংলাপ আয়োজন করব।" বক্তব্যের শেষে ড. হারুন অর রসিদ উপহারস্বরূপ পবিত্র কোরআন শরীফ মহামান্য জর্জ যাকব কোভাকাদ-এর হাতে তুলে দেন।

সংবাদ সম্মেলনে ভাটিকান টিম

১০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ বুধবার রমনা আর্চবিশপ'স ভবনের মিলনায়তনে ভাটিকানের প্রতিনিধি দলের সাথে সাংবাদিকদের সংবাদ সম্মেলন হয়। উক্ত সম্মেলনের শুরুতে গান ও ফুল প্রদানের মাধ্যমে সবাইকে শুভেচ্ছা জানানো হয়। এরপর ফাদার বুলবুল আগষ্টিন রিবেরু স্বাগতিক বক্তব্য রাখেন। সম্মেলনে সাংবাদিকরা প্রশ্ন করেন, এই সময়ে আপনাদের এদেশে আসার কারণ কি? উক্ত প্রশ্নোত্তরে ভিত্তিতে কার্ডিনাল বলেন, বাংলাদেশের আন্তঃধর্মীয় সংলাপের পরিপ্রেক্ষিতে সকল ধর্মের প্রতি ভক্তি, শ্রদ্ধা, সম্মান ও সাম্যের নীতির মাধ্যমে সম্প্রীতি সংস্কৃতি গড়ে তোলা এবং ভাটিকান ও বাংলাদেশের সাথে সংলাপের ভিত্তিতে সুসম্পর্কের পথ প্রস্তুত করা। অতঃপর মহামান্য কার্ডিনাল জর্জ যাকব কোভাকাদ তার বাংলাদেশ সফরের অভিজ্ঞতার কথা ব্যক্ত করেন। এরপর ফাদার ভিক্টর বক্তব্যে বলেন, আমরা সংলাপের মাধ্যমে সত্যকে ভালোবাসার অভিজ্ঞতা করি। আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ বলেন, আমাদের হৃদয় উন্মুক্ত হওয়া দরকার। অন্য ধর্মে যা যা ভালো আছে সেগুলো খুঁজে বের করা এবং তা প্রশংসা করাও দরকার। তিনি আরও বলেন, আমরা যেন ধৈর্য ধরে কাজ করি যাতে করে আমরা সত্যে পৌঁছাতে পারি। শেষে আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ সম্মেলনে সকলের উপস্থিতির জন্য ধন্যবাদ এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভাটিকানের প্রতিনিধি দলের সবার হাতে ক্রেস্ট তুলে দেন। সবশেষে আর্চবিশপ কেভিন র‍্যান্ডাল তার সমাপনী বক্তব্যের মাধ্যমে সংবাদ সম্মেলনের ইতি টানেন।

ভাটিকান প্রতিনিধি দলের কমলাপুর বৌদ্ধবিহার ও রামকৃষ্ণ মিশন পরিদর্শন

১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার, ভাটিকান থেকে আগত মহামান্য কার্ডিনাল জর্জ যাকোব কোভাকাদ এবং তার প্রতিনিধি দলের মন্সিনিয়র ইন্দুনিল, ফাদার মার্কোস এবং ফাদার ভিক্টর। ভাটিকানের রাষ্ট্রদূত, আর্চবিশপ কেভিন র‍্যান্ডাল এবং কাথলিক বিশপ সম্মিলনীর খ্রীষ্টিয় ঐক্য এবং আন্তঃধর্মীয় সংলাপ কমিশনের যৌথ আয়োজনে আন্তঃধর্মীয় সংলাপ এর আয়োজন করা হয়। এই সংলাপের একটি প্রধান অংশ ছিল রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন পরিদর্শন করা। অত্যন্ত আনন্দের ও সম্প্রীতির সাথে মঠের পরিচালক, ছাত্ররা এবং মঠ গুরুজীগণ অতিথিদের আন্তরিকভাবে স্বাগতম জানান। মঠ পরিদর্শনের পর সকলে মিটিং রুমে সমবেত হয়। আলোচনা চলাকালীন সময়ে চা পানের ব্যবস্থা করা হয়। সম্প্রীতি ও শান্তি প্রতিষ্ঠায় হিন্দু, খ্রিস্টান ও অন্যান্য ধর্মীয় ভাইবোনদের সাথে সংলাপ ও ভ্রাতৃত্বসুলভ সহাবস্থান প্রত্যাশা করে ও উপহার বিনিময় করার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

আন্তঃধর্মীয় সংলাপ কার্যকর হলে সম্প্রীতিময় সমাজ গড়ে উঠবে বলে আমরা প্রত্যাশা করি। তবে সংলাপের সেই কার্যক্রমে সকলকেই সক্রিয় অংশগ্রহণ করতে হবে। কাথলিক মণ্ডলীর উদ্যোগে যে সংলাপ পরিচালিত হচ্ছে সেখানে অনেকেই অংশগ্রহণ করছেন। অনেকের অংশগ্রহণ আমাদেরকে আশা দান করছে সম্প্রীতির বাংলাদেশ গড়া সম্ভব।

Message of Honorable Chief Justice

Your Excellency Cardinal Koovakad, Prefect of Pontifical Council for Interreligious Dialogue and Eminent guests from the Vatican Dicastery; Your Excellency Bejoy N. D' Cruze, Archbishop of Dhaka and esteemed members of the Archdiocese of Dhaka; Your Excellency Archbishop Kevin Randal, Apostolic Nuncio and accompanying representatives from the Apostolic Nunciature; Ladies and gentlemen

Good evening,

It is both a profound honor and a solemn privilege to stand before this distinguished assembly, gathered in the spirit of interreligious cooperation and mutual understanding. I extend my heartfelt gratitude to the Apostolic Nuncio and to the Catholic Church in Bangladesh for arranging the delegation from the Dicastery for Interreligious Dialogue, as well as to the Office of the Honorable Chief Adviser for their gracious role in hosting the scheduled events and the instant gathering. I would also be deeply obliged, if the esteemed members from the Holy See would kindly convey my whole hearted appreciation back to His Holiness Pope Leo XIV, for his commitment to inter-faith unity.

By a happy coincidence, today's dialogue takes place on the occasion of *Eid-EMiladunnobi*, the commemoration of the birth and death anniversaries of the Holy Prophet Hazrat Muhammad (Peace Be Upon Him). His life and message offered humanity a path toward kindness, peace and equity reminding mankind that the highest calling is to uphold dignity, extend mercy, and live in harmony. Standing in an isolated desert 1400 years ago, he declared in his last sermon: *"All mankind is from Adam and Eve; an Arab has no superiority over a non-Arab, nor a non-Arab over an Arab; a White has no superiority over a Black, nor a Black over a White – except by piety and good action."*

Excellencies,

Our presence here is a gesture of respect and fraternity. We come not as strangers, but as brothers and sisters, united in the desire to be peace-builders in our society. Together, we hope to strengthen bonds of friendship, deepen mutual understanding, and work side by side for the harmony and well-being of all people.

On this historic occasion, I would like to share a reflection inspired by the landmark speech of Pope John Paul II to the Muslim youth in Morocco in 1985. His words laid down a roadmap to foster relations between Muslims and Christians, underlining both our similarities and differences: He reminded us that "Christians and Muslims have many things in common, as believers and as human beings. […] For us, Abraham is a model of faith in God, of submission to his will and of confidence in his goodness. We believe in […], the one God, the living God, the God who created the world and brings his creatures to their perfection."

He then spoke of common values both Christians and Muslims share. "Both of us believe in one God, the only God, who is all justice and all mercy; we believe in the importance of prayer, of fasting, of almsgiving, of repentance and of pardon; we believe that God will be a merciful judge to us all at the end of time, and we hope that after the resurrection He will be satisfied with us and we know that we will be satisfied with him."

Pope John Paul II also spoke how to handle important differences. "We should recognize and respect our differences. Obviously the most fundamental is the view that we hold onto the person and work of Jesus of Nazareth. You know that, for Christians, Jesus causes them to enter into an intimate knowledge of the mystery of God and into the filial communion by His gifts, so that they recognize Him and proclaim Him Lord and Saviour. Those are the important differences which we can accept with humility and respect, in mutual tolerance; this is a mystery about which, I am certain, God will one day enlighten us."

Pope John Paul II also dealt with our turbulent past. "Christians and Muslims, in general we have badly understood each other, and sometimes, in the past, we have opposed and often exhausted each other in polemics and in wars. I believe that today, God invites us to change our old practices. We must respect each other, and we must stimulate each other in good works on the path of God" (John Paul II, address to the young Muslims of Morocco, August 19, 1985).

Dear brothers and sisters, this address of Pope John Paul II delivered forty years ago, remains one of the most significant papal gestures toward Islam, emphasizing dialogue over division.

Over the course of these years, we have learned that in Bangladesh, collaboration between Catholics and our Muslim brothers and sisters is a lived reality. In Catholic schools, hospitals, charitable organizations and other institutions, the majority of those serving alongside are Muslims. They guide and support the Catholic community, and through their presence Catholics never feel alone. For this generous cooperation much gratitude is due.

This spirit of cooperation is also seen during Christmas and other major feasts. It is said that Muslim friends not only respond warmly to invitations but often expect to be invited. Their presence at these moments, provide opportunities to share joys as well as difficulties.

At times, challenges arise when some individuals misuse religion for personal or political interests. Yet, in such situations, it has been shared that our Catholic brothers and sisters have experienced the truth of the saying, "A friend in need is a friend indeed." Many Muslim government officials and higher authorities have often stood by our Christian community with understanding and support. Many of them who are graduates of Catholic educational institutions, are familiar with the sincere mission and service of the Catholic church. Their consistent help has enabled our Catholics to overcome obstacles, and for this we are deeply grateful.

Our world is going through a dark hour marked by violence, divisions and sufferings. As believers in the merciful and compassionate God, let us pray for peace in the world, and especially in Bangladesh. Let us pray for all the victims of violence and aggression, particularly in Palestine, Ukraine and in other

ongoing conflicts around the world. May God transform our hearts of stone into hearts of flesh, so that we may act with compassion and justice. As believers in one God, let us stand together to condemn the abuse of God's name to justify violence.

Dear brothers and sisters, the hope and trust remain that this spirit of friendship and cooperation will continue in the future. As Pope Leo XIV reminded us in his message to Bangladesh yesterday: "in the act of encountering one another in friendship and dialogue, we stand together against the forces of division, hatred and violence that have too often plagued humanity. Where others have sown distrust, we choose trust; where others might foster fear, we strive for understanding; where others view differences as barriers, we recognize then as avenues of mutual enrichment" (Pope Leo XIV, Message for Bangladesh, 9.9.2025).

Finally, let our prayer today be that of Pope Leo XIV offered especially for Bangladesh: "May the Most High bless each of you, your families and communities. May he bless your country with ever deepening harmony and peace. And may he bless our world, which so urgently needs the light of fraternity" (Pope Leo XIV, 9.9.2025).

বাংলাদেশের মুসলিম সম্প্রদায়ের উদ্দেশে ভাটিকানের আন্তঃধর্মীয় সংলাপ মন্ত্রণালয়ের মাননীয় সচিব মন্সিনিয়র ইন্দুনিল জে. কোদিতুওক্কু এর বার্তা
স্থান: বায়তুল মোকাররম জাতীয় মসজিদ
তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

আজ আমরা শান্তি ও ভ্রাতৃত্বের তীর্থযাত্রী হিসেবে আপনাদের প্রধান ও পবিত্র মসজিদ বায়তুল মোকাররমে এসেছি। এই পবিত্র উপাসনালয় যা বাংলাদেশের মুসলিম সম্প্রদায়ের বিশ্বাস ও জীবনের কেন্দ্রবিন্দু তাতে আসার সুযোগ পেয়ে আমরা আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমাদের এই উপস্থিতি সম্মান ও ভ্রাতৃত্বের প্রতীক। আমরা এখানে আগন্তুক হিসেবে নয়, বরং ভাই-বোন হিসেবে এসেছি। এই সমাজে শান্তি প্রতিষ্ঠার আকাঙ্ক্ষায় একতাবদ্ধ হয়েই এসেছি। আমরা আশাবাদী যে, একসাথে আমরা বন্ধুত্বের বন্ধন আরও দৃঢ় করবো, পারস্পরিক বোঝাপড়া আরও গভীর করবো এবং সকল মানুষের কল্যাণ ও সম্প্রীতির জন্য একসাথে কাজ করবো।

এই উপলক্ষে আমি পোপ দ্বিতীয় জন পলের ১৯৮৫ খ্রিস্টাব্দে মরক্কোতে মুসলিম যুবকদের উদ্দেশে প্রদত্ত ভাষণের কিছু গুরুত্বপূর্ণ অংশ তুলে ধরতে চাই। তিনি বলেন, মুসলিম ও খ্রিস্টানদের মধ্যে বিশ্বাস, মানবতা ও মূল্যবোধের দিক থেকে অনেক মিল। আমরা উভয়েই এক সৃষ্টিকর্তা, করুণাময় ও ন্যায়পরায়ণ ঈশ্বরে বিশ্বাস করি। আমরা প্রার্থনা, রোজা, দান, তওবা ও ক্ষমার গুরুত্বে বিশ্বাস করি। পোপ দ্বিতীয় জন পল আমাদের পার্থক্যগুলোকেও সম্মানের সাথে গ্রহণ করার আহ্বান জানান। তাঁর মতে, আমাদের মধ্যে মতভেদ থাকলেও তা পারস্পরিক শ্রদ্ধা ও বিনয়ের সাথে মেনে নেওয়া উচিত। যিশু সম্পর্কে খ্রিস্টানদের বিশ্বাস ও উপলব্ধিকে মুসলমানরা যে গ্রহণ করেন না, সেই পার্থক্যকে শ্রদ্ধার সঙ্গেই বিবেচনা করা যায়। পোপ বলেন, একদিন ঈশ্বর নিজেই আমাদেরকে এই রহস্যের সত্যতা জানাবেন।

তিনি অতীতের খ্রিস্টান-মুসলিম সম্পর্কের জটিলতার কথাও স্বীকার করেন এবং বলেন, অতীতে একে অপরকে ভুলভাবে বোঝা হয়েছে, দ্বন্দ্ব হয়েছে। তবে আজ ঈশ্বর আমাদের ডাকছেন নতুনভাবে পথচলার জন্য, যেখানে সম্মান, সহনশীলতা ও ভালো কাজে একে অপরকে উৎসাহিত করা হবে।

প্রিয় ভাই ও বোনেরা, পোপ দ্বিতীয় জন পলের এই ভাষণ ৪০ বছর আগে প্রদান করা হলেও আজও তা প্রাসঙ্গিক। তিনি দ্বন্দ্বের পরিবর্তে সংলাপকে গুরুত্ব দিয়েছেন যা বর্তমানেও প্রযোজ্য।

এই কয়েক দশকে আমরা দেখেছি, বাংলাদেশে কাথলিক ও মুসলিম ভাই-বোনদের মধ্যে সহযোগিতা শুধু তাত্ত্বিক নয়, বরং বাস্তব জীবনের একটি অংশ হয়ে ওঠেছে। কাথলিক স্কুল, হাসপাতাল, সমাজসেবামূলক প্রতিষ্ঠান ও অন্যান্য কর্মকাণ্ডে যারা সহকর্মী হিসেবে পাশে রয়েছেন, তাঁদের অধিকাংশই মুসলিম। তাঁরা কাথলিক সম্প্রদায়কে সহযোগিতা ও সহানুভূতির মাধ্যমে সমর্থন করে থাকেন। এই উদার সহযোগিতার জন্য আমরা কৃতজ্ঞ।

এই সহযোগিতার স্পৃহা বড়দিন ও অন্যান্য বড় উৎসবগুলোতেও প্রকাশ পায়। শোনা যায়, মুসলিম বন্ধুরা শুধু আমন্ত্রণ পেলেই সাড়া দেন না, কিন্তু আগ্রহ নিয়ে অপেক্ষা করেন। এসব মিলনমেলা আমাদেরকে একে অপরের আনন্দ ও দুঃখ ভাগ করে নেওয়ার সুযোগ দেয়।

যদিও কখনো কখনো কিছু ব্যক্তি ধর্মকে অপব্যবহার করে, তবুও অনেক মুসলিম কর্মকর্তা, প্রশাসনের ব্যক্তিবর্গ ও সাধারণ মানুষ খ্রিস্টান সম্প্রদায়ের পাশে দাঁড়ান। তাঁদের অনেকেই কাথলিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্তন শিক্ষার্থী, যারা চার্চের সত্যিকারের মিশন ও সেবার অর্থ বোঝেন। তাঁদের সহযোগিতার জন্য আমরা কৃতজ্ঞ।

আমাদের বিশ্ব আজ সহিংসতা, বিভাজন ও সংকটে পরিপূর্ণ। আমরা যারা এক করুণাময় ঈশ্বরে বিশ্বাস করি, আসুন আমরা একসাথে শান্তির জন্য প্রার্থনা করি–বিশেষ করে বাংলাদেশ, ফিলিস্তিন, ইউক্রেন ও অন্যান্য সংকটপূর্ণ অঞ্চলের জন্য। ঈশ্বরের নাম ব্যবহার করে সহিংসতার ঘটনাগুলোকে আমরা যেন একযোগে নিন্দা করি।

বন্ধুত্ব, সংলাপ ও পারস্পরিক সহযোগিতার এই পথ ভবিষ্যতেও চলমান থাকবে–এই বিশ্বাস আমরা রাখি। গতকাল পোপ চতুর্দশ লিও তাঁর বার্তায় আমাদের মনে করিয়ে দিয়েছেন: "বন্ধুত্ব ও সংলাপের মাধ্যমে একে অপরকে জানার চেষ্টাই হলো মানবজাতির বিভাজন, ঘৃণা ও সহিংসতার বিরুদ্ধে সবচেয়ে কার্যকর পথ। যেখানে অন্যরা অবিশ্বাস সৃষ্টি করে, সেখানে আমরা আস্থা রাখি; যেখানে অন্যরা ভয় ছড়ায়, আমরা বোঝার চেষ্টা করি; পার্থক্যকে বাধা নয়, বরং পারস্পরিক সমৃদ্ধির পথ হিসেবে দেখি।"

শেষে পোপ চতুর্দশ লিও'র একটি প্রার্থনা দিয়ে শেষ করছি:

"সর্বশক্তিমান সৃষ্টিকর্তা যেন আপনাদের, আপনাদের পরিবার ও সমাজকে আশীর্বাদ করেন। বাংলাদেশে যেন আরও স্থায়ী শান্তি ও সম্প্রীতি বিরাজ করে। আর বিশ্বের জন্য অতীব প্রয়োজনীয় ভ্রাতৃত্বের আলো যেন সর্বত্র ছড়িয়ে পড়ে।"

শিয়ালের চালাকি

একদা কোনো এক স্থানে এক শিয়াল ছিল। সে এতই লোভী ছিল যে যার কাছে যা দেখতো তাই-ই চুরি করতো। এভাবেই একদিন সে শহরের এক ছেলের কাছ থেকে এক জোড়া নতুন জুতা চুরি করল। কিন্তু শিয়াল তো বনে বাদাড়ে থাকে। নতুন জুতা পরে সে কি করবে। তাই শিয়াল ভাবলো জুতা জোড়াকে অন্য কোন কাজে লাগাতে হবে। এই জুতার লোভ দেখিয়ে দেখিয়ে মানুষকে ঠকাতে হবে। এরপর একদিন সে দেখল একটা চোর দু'টো নাদুস-নুদুস হাঁস নিয়ে জঙ্গলের পথ দিয়ে হেঁটে যাচ্ছে। তাই দেখে তার ঐ হাঁস দুটো খাওয়ার জন্য বড় লোভ হলো। সে ভাবল, চোরের উপর বাটপারি করতে হবে। তখন সে এক বুদ্ধি বের করল। চোরটা যে পথ দিয়ে যাচ্ছে, শিয়াল সেই পথের খানিকটা দূরে এক পাটি জুতো রেখে দিল। চোর হাঁস দুটো নিয়ে যেতে যেতে পথে নতুন জুতোটা পড়ে থাকতে দেখে ভাবল এক পাটি জুতো দিয়ে আর কি হবে। দুটো হলে না হয় পায়ে দেওয়া যেত। তাই চোর আর জুতোটা না তুলে এগিয়ে গেল। শিয়াল তখন সেই জুতোটা তুলে নিয়ে জঙ্গলের মধ্যে দিয়ে আরো খানিকটা এগিয়ে গিয়ে চোরের যাবার পথে অন্য পাটি জুতা রেখে দিল। চোর যেতে যেতে পথে আর একটা জুতো পড়ে থাকতে দেখে ভাবল, আরে, আসার পথে যে জুতোটা দেখে এসেছি সেটা তুলে আনলে তো এক জোড়া নতুন জুতো হয়। তাই সে একটা গাছের সঙ্গে হাঁস দুটোকে বেঁধে রেখে উল্টো পথে আগের জুতোটার জন্যে দৌড় দিল। এদিকে চালাক শিয়াল এ জুতোটাও তুলে নিয়ে হাঁস দুটোকে খাবার জন্য গাছের দিকে এগিয়ে গেল। এই সময় হাঁস-চোরকে ধরতে গাঁয়ের লোক লাঠি সোটা নিয়ে জঙ্গলের পথে বেরিয়ে পড়েছিল। তারা দেখলে একটা শিয়াল হাঁস দুটোকে খাবার চেষ্টা করছে। তারা বুঝতে পারল যে শিয়ালই চুরি করেছে হাঁস দুটো। তখন তারা হুড়মুড় করে এসে শিয়ালকে উত্তম-মধ্যম পেটাতে শুরু করলো। মার খেয়ে শেষ পর্যন্ত শিয়ালটা মরেই গেল।

গল্পটির উপদেশ হল- "বেশি চালাকি করতে গেলে বিপদে পড়তে হয়।" (সংগ্রহ: ঈশপের গল্পসমগ্র)

জানা-অজানা

১) রংধনুতে কি রং থাকে?

উত্তর: লাল, কমলা, হলুদ, সবুজ, হালকা নীল, নীল, বেগুনি।

২) পৃথিবীর পাঁচটি মহাসাগরের নাম বলতে কি কি?

উত্তর: প্রশান্ত মহাসাগর, আটলান্টিক, ভারতীয়, আর্কটিক এবং দক্ষিণ।

৩) আমাদের সৌরজগতের কোন গ্রহটি লাল গ্রহ নামে পরিচিত?

উত্তর: মঙ্গলগ্রহ।

৪) আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ কোনটি?

উত্তর: রাশিয়া।

৫) সূর্যের আলো ব্যবহার করে উদ্ভিদ তাদের খাদ্য তৈরি করে এমন প্রক্রিয়াকে কী বলে?

উত্তর: সালোকসংশ্লেষণ।

৬) কত খ্রিস্টাব্দে প্রথম মানুষ চাঁদে পা রাখেন?

উত্তর: ১৯৬৯ খ্রিস্টাব্দ।

৭) বিখ্যাত ইতালীয় অভিযাত্রী কে ছিলেন যিনি ১৪৯২ খ্রিস্টাব্দ আমেরিকা আবিষ্কার করেছিলেন?

উত্তর: ক্রিস্টোফার কলম্বাস।

৮) ভারত কত খ্রিস্টাব্দ ব্রিটিশ শাসন থেকে স্বাধীনতা লাভ করে?

উত্তর: ১৯৪৭ খ্রিস্টাব্দে।

৯) মানবদেহে সবচেয়ে কঠিন পদার্থ কি?

উত্তর: দাঁতের এনামেল।

১০) পৃথিবী যে গ্যালাক্সির অংশ তার নাম কি?

উত্তর: মিল্কিওয়ে গ্যালাক্সি।

১১) পৃথিবীর বৃহত্তম মরুভূমি কোনটি?

উত্তর: সাহারা মরুভূমি।

১২) বার্সেলোনা শহর কোন দেশে অবস্থিত?

উত্তর: স্পেন।

১৩) পৃথিবীর ক্ষুদ্রতম দেশ কোনটি?

উত্তর: ভ্যাটিকানদ সিটি।

শিক্ষক

প্রীতি সরকার

ছাত্র মোরা ছাত্রী
বিদ্যালয়ে যাই
বিদ্যালয়ে গিয়ে মোরা
বিদ্যা খুঁজে পাই
শিক্ষক গুরু বড় গুরু। কোথায় পাবে ভাই?
তাইতো মোরা বিদ্যালয়ে যাই
বিদ্যার আলো দিয়ে মোদের
করেন মানুষ তারা
এই ব্রততে জীবন তাদের
বলি শিক্ষক মোরা
শিক্ষক গুরু বড় গুরু
আর পাবে না ভাই
শ্রদ্ধা আর নম্রতাতে স্বীকার করে যাই
চোখ বুজলে আজো খুঁজি
পুরাতন স্মৃতি
বিদ্যাপিঠে করতাম কত মাতামাতি।

শরতের রঙ

বিজলী তুফান বর্ষা শেষে
ভাদ্র-আশ্বিন মাসে
ডাঙার জলে ডিঙির উপর
শরৎ রানী হাসে।
মাঠের পরে মাঠ পেরিয়ে
আমন ক্ষেতের ধুম
শরৎ এলেই কৃষাণ ক্রোড়ে
নরম নরম ঘুম।

কেমন তোমার ছবি এঁকেছি

রমনা কাথিড্রালে অনুষ্ঠিত হলো বাংলাদেশ ধর্মপ্রদেশীয় যাজকদের বার্ষিক নির্জনধ্যান

ফাদার সাগর কোড়াইয়া: ঢাকা মহাধর্মপ্রদেশের আর্চবিশপ ভবনে সম্পন্ন হয়েছে বাংলাদেশের ধর্মপ্রদেশীয় যাজকদের বার্ষিক নির্জনধ্যান। ১৫ থেকে ২০ এবং ২২ থেকে ২৭ সেপ্টেম্বর দু'টি দলে এই নির্জনধ্যান অনুষ্ঠিত হয়। দু'টি দলে ৪ জন বিশপ ও ১৭১জন ধর্মপ্রদেশীয় যাজক নির্জনধ্যানে অংশগ্রহণ করেন। "যীশুর পথে, মা মারীয়ার সাথে যাজক" মূলভাবের আলোকে ফাদার মার্কুস মুর্মু নির্জনধ্যান পরিচালনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্যে বাংলাদেশ ধর্মপ্রদেশীয় যাজক ভ্রাতৃসংঘের প্রেসিডেন্ট ফাদার মিন্টু পালমা বলেন, এই বছর যাজকদের জন্য একটি বিশেষ পুণ্যবর্ষ। অনেক যাজকগণ যিশুর জন্মের জুবিলীবর্ষ উপলক্ষে ভাটিকানে তীর্থে আমরা যারা যেতে পারিনি, এই নির্জনধ্যানের মধ্য দিয়ে পুণ্য অর্জনের চেষ্টা করবো। সারা বছর আমরা জনগণের জন্য সময় দিয়েছি। আমাদের নিজেদের যত্নের জন্য নির্জনধ্যানের এই চারটি দিন অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা যেন এই চারটি দিন ঈশ্বরের সান্নিধ্যে নিজের জন্য সময় কাটাতে চেষ্টা করি। প্রথম দলে অংশগ্রহণকারী আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ ওএমআই সকলকে স্বাগতম জানিয়ে নির্জনধ্যান যথার্থভাবে পালনের আহ্বান রাখেন। যাতে করে তা আমাদের জীবনে অনুগ্রহন নিয়ে আসে। ফাদার মার্কুস মুর্মু নির্জনধ্যান পরিচালনায় আধুনিক জগতে যাজকত্ব, যাজকীয় সেবাকাজ, যাজকীয় জীবনে মা মারীয়া, সিনোডালিটি ও সিনোডীয় আধ্যাত্মিকতা বিষয়ে কথা বলেন। তিনি প্রশ্ন রেখে বলেন, অভিষেকের দিন থেকে আমাদের যাজকীয় জীবন কেমন চলছে, পবিত্র আত্মা ঈশ্বর আমাকে কী বলছেন? যে যিশুকে আমরা অনুসরণ করি, তিনি কী করতেন; আর আমরা এখন কী করি? নির্জনধ্যানের এই কয়েকটি দিন আমরা যেন উক্ত প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করি। যাজকীয় জীবন হচ্ছে প্রার্থনারত যিশুকে অনুসরণ করার জীবন। যাজকত্বের ভিত্তি হবে প্রার্থনা। ফাদার মার্কুস মুর্মু আরো বলেন, নির্জনধ্যানের এই সুযোগ হচ্ছে ঈশ্বরের নিকট থেকে মূল্যবান উপহার। আমরা দীক্ষাগ্রহণের মধ্য দিয়ে বাণীপ্রচারের দায়িত্ব পেয়েছি। আর এই প্রচার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আমরা করি। আমাদের জীবনে আমরা যা করি তা মানুষের মঙ্গলসাধনের নিমিত্তে। তাই জনগণের সাথে সংলাপ করাটা জরুরি। আর যিশুর জীবনেও সংলাপের এই চিত্র দেখতে পাই। যাজকীয় জীবনে চারটি স্তম্ভ থাকা দরকার। স্তম্ভগুলো হলো, ঈশ্বরের সাথে সম্পর্ক, বিশপের সাথে সম্পর্ক, অন্য যাজকদের সাথে সম্পর্ক এবং জনগণের সাথে সম্পর্ক।

একজন যাজককে অতীতের দিকে কৃতজ্ঞতা, বর্তমানের দিকে অনুরাগ এবং ভবিষ্যতের দিকে আশার দৃষ্টিতে তাকাতে হয়। আর মা মারীয়ার মধ্যে এই দিকগুলো স্পষ্ট ছিলো। মা মারীয়া ঈশ্বরের মা এবং বিশ্বজনীন মা। মা মারীয়ার মধ্যস্থতায় ঈশ্বরের নিকট প্রার্থনা করলে ঈশ্বর তা ফেলতে পারেন না। সিনোডীয় আধ্যাত্মিকতায় মণ্ডলীকে চলা দরকার। আর একজন যাজক মণ্ডলীর সাথে যুক্ত থাকার কারণে সিনোডীয় আধ্যাত্মিকতায় যাজককে চলতে হয়। পবিত্র আত্মার দানকে সিনোডীয় আধ্যাত্মিকতায় বরণ করে নেওয়া উচিত। মণ্ডলী যদি তীর্থযাত্রী ও শ্রবণধর্মী হতে পারে তাহলে সিনোডীয় আধ্যাত্মিকতায় পথ চলতে পারবে। সিনোডাল যাত্রায় সবার কথা ও মতামতকে গুরুত্ব দিয়ে শুনে একটি সিদ্ধান্তে আসতে হয়। তাই মিলন সমাজ গড়তে হলে একই আধ্যাত্মিকতায় আসা দরকার।

আমাদের প্রচার ও প্রৈরিতিক কাজ যেন শুধুমাত্র উদাহরণের মধ্যেই সীমাবদ্ধ না থাকে। বরং জনগণের প্রতি অনুকম্পা ও ভালোবাসা নিয়ে নিজের জীবনাচরণের মধ্য দিয়ে জনপদের যাজক হয়ে উঠার কাজ অব্যাহত রাখা দরকার। উভয় দলেই নির্জনধ্যানের শেষ দিনে মূল্যায়ণ পর্বে যাজকগণ ইতিবাচক মনোভাব প্রকাশ করার সাথে নির্জনধ্যানের পরিবেশ যথাযথ রাখার জন্য বিশেষ অনুরোধ রাখেন।

বোর্ণী সেন্ট লুইস উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞান মেলা, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

ফাদার উত্তম রোজারিও: রাজশাহী ধর্মপ্রদেশ কর্তৃক পরিচালিত বোর্ণী ধর্মপল্লীর অন্তর্গত সেন্ট লুইস উচ্চ বিদ্যালয়ে গত ২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত হয় বিজ্ঞান মেলা, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব জান্নাত আরা ফেরদৌস এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বড়াইগ্রাম উপজেলার ইউএনও জনাব লায়লা জান্নাতুল ফেরদৌস ও বনপাড়া সেন্ট যোসেফস্ স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাদার শংকর ডমিনিক গমেজ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ফাদার আন্তনী হাঁসদা। অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের ফুল ও গানের মধ্য দিয়ে শুভেচ্ছা জানিয়ে মঞ্চে বরণ করে নেওয়া হয়। জাতীয় সংগীত পরিবেশন, জাতীয় পতাকা উত্তোলন ও ধর্মগ্রন্থ থেকে পাঠ শেষে প্রদীপ জ্বালিয়ে বিজ্ঞান মেলা, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা শুভ

উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে প্রধান শিক্ষক ফাদার উত্তম রোজারিও সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বিজ্ঞান মেলা শিক্ষার্থীদের মধ্যে নতুন প্রযুক্তি ও আবিষ্কার সম্পর্কে তাদের আগ্রহ তৈরি করে এবং সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলোর মাধ্যমে শিক্ষার্থীদের সৃজনশীলতা, মননশীলতা ও সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়ে থাকে। তাই প্রতি বছর সেন্ট লুইস হাই স্কুলে বিজ্ঞান মেলা, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা হয়। বিশেষ অতিথি জনাবা লায়লা জান্নাতুল ফেরদৌস শিক্ষার্জনের গুরুত্ব সম্পর্কে তাঁর নিজের জীবনের দৃষ্টান্তমূলক বক্তব্য উপস্থাপন করেন। প্রধান অতিথি জনাবা জান্নাত আরা ফেরদৌস বলেন, আধুনিক প্রযুক্তির সঠিক ও সদ্ব্যবহার এবং তারা যদি সত্যিই পড়ালেখায় মনোযোগী হয় তবে তারা জীবনে সফলতা অর্জন করতে পারবে। সভাপতি ফাদার আন্তনী হাঁসদা অনুষ্ঠানে উপস্থিত সকল অতিথিকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, পাঠ্য বইয়ের সিলেবাস ভিত্তিক পড়াশোনার পাশাপাশি শিক্ষার্থীদের সার্বিক গঠন ও উন্নয়নের জন্য সেন্ট লুইস হাই স্কুলে সহশিক্ষা কার্যক্রমের উপর সর্বদাই বিশেষ গুরুত্ব দেয়া হয়। তাই শিক্ষার্থীদের করণীয় হলো সিলেবাসের পড়ালেখার সাথে সাথে সকল প্রকার সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করা এবং নিজেদের সুপ্ত প্রতিভা বিকাশ করা। বক্তব্য পর্ব শেষে প্রধান শিক্ষক ও সভাপতি মহোদয় প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের নিয়ে বিজ্ঞান মেলার স্টল উদ্বোধন করেন এবং প্রত্যেকটি স্টল পরিদর্শন করেন। এ সময় শিক্ষকগণের পরিচালনায় ও শিক্ষার্থীদের অংশগ্রহণে মঞ্চে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিবিধ কার্যক্রম চলতে থাকে। সম্মানিত অভিভাবকগণ, বিদ্যালয়ের বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীগণ সারাদিনব্যাপী বিজ্ঞান মেলার স্টল পরিদর্শন করেন এবং সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা উপভোগ করেন। পরিশেষে, বিজ্ঞান মেলা, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

সিলেট ধর্মপ্রদেশে ১৪তম পালকীয় সম্মেলন- ২০২৫ খ্রিস্টাব্দ

মূলসুর: "সহযাত্রী মণ্ডলী: অংশগ্রহণ ও প্রেরণ"

ফাদার ব্রাইন গমেজ: গত ১৮ থেকে ২০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দে সিলেট ধর্মপ্রদেশের অন্তর্গত বিশপ ভবনে 'সিলেট ধর্মপ্রদেশীয় ১৪তম পালকীয় সম্মেলন ২০২৫ খ্রি.' অনুষ্ঠিত হয়েছে। তিন দিনব্যাপী এই গুরুত্বপূর্ণ পালকীয় সম্মেলনে ধর্মপ্রদেশের বিশপ শরৎ ফ্রান্সিস গমেজসহ বিভিন্ন ধর্মপল্লীর যাজক, ব্রতধারী-ব্রতধারিনী, ভক্তজনসাধারণ ও কমিশনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সম্মেলনের প্রথম দিন বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) আগমন ও রেজিস্ট্রেশনের মধ্য দিয়ে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। উদ্বোধনী প্রার্থনা ও প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে সিলেট ধর্মপ্রদেশের ধর্মপাল বিশপ শরৎ ফ্রান্সিস গমেজ পালকীয় সম্মেলনের শুভ উদ্বোধন ঘোষণা করেন। সিলেট ধর্মপ্রদেশের সাতটি ধর্মপল্লী ও একটি উপধর্মপল্লীর প্রতিনিধিদের অংশগ্রহণে প্রজ্জ্বলিত প্রদীপের আলোকবর্তিকা 'ঐশকরুণা যীশু'র প্রতীক হিসেবে মণ্ডলীর ঐক্য ও অংশগ্রহণের চেতনাকে তুলে ধরে। উৎসবমুখর পরিবেশনা ও ফুল দিয়ে শুভেচ্ছা প্রদানের মাধ্যমে সবাইকে স্বাগত জানানো হয়। উদ্বোধনী বক্তব্যে বিশপ শরৎ ফ্রান্সিস গমেজ বলেন, "খ্রিস্টীয় জীবনের প্রকৃত ভিত্তি হচ্ছে একসাথে পথ চলার মনোভাব। সহযাত্রী মণ্ডলী হলো যেখানে মিলন, অংশগ্রহণ ও প্রেরণের চেতনা একসাথে বিকশিত হয়। এই সম্মেলনের মাধ্যমে আমরা সেই সহযাত্রী মণ্ডলী হওয়ার আহ্বানকে নতুনভাবে উপলব্ধি ও বাস্তবায়নের অঙ্গীকার করছি।"

পালকীয় সম্মেলনের প্রতিবেলার অধিবেশন প্রার্থনার মাধ্যমে শুরু হয়। এই পালকীয় সম্মেলনের অধিবেশনে ফাদার সুধীর গমেজ, ওএমআই জুবিলী বর্ষ উপলক্ষে "আশার তীর্থযাত্রী" এর আলোকে তার মূল্যবান চিন্তাধারা দিয়ে আমাদেরকে অনুপ্রাণিত করেন এবং শ্রদ্ধেয় বিশপ শরৎ ফ্রান্সিস গমেজ ফাদার ব্রাইন গমেজ এবং ফাদার ফ্রান্সিসকো রিজ্জো 'বিশপদের সিনডের ষোড়শ সাধারণ সমাবেশ' এর চূড়ান্ত দলিলকে কেন্দ্র করে আমাদের পালকীয় সম্মেলনের জন্য গৃহিত মূলভাব "সহযাত্রী মণ্ডলী: অংশগ্রহণ ও প্রেরণ" এর উপর আলোকপাত করেন, এছাড়াও তারা বিশ্বাসের নবায়ন, মণ্ডলীর অন্তর্ভূক্তিমূলক চরিত্র এবং ভক্তজনসাধারণের অংশগ্রহণ ও ভূমিকার উপর বিশেষভাবে জোরা দিয়েছেন। উপরোক্ত আলোচনার উপর ভিত্তি করে দলীয় আলোচনার জন্য নারী, পুরুষ, যাজক, ব্রতধারী ও ব্রতধারিনীদের নিয়ে গঠিত দলগুলো দলীয় আলোচনায় অংশগ্রহণ করে। এসব আলোচনায় উঠে আসে মণ্ডলীর বাস্তব চ্যালেঞ্জগুলো, যেমন- পরিবারে বিশ্বাসচর্চা দুর্বল হয়ে যাওয়া, ধর্মীয় জীবনে তরুণ প্রজন্মের মধ্যে অনাগ্রহ, গুণগত শিক্ষার ঘাটতি, Laudato Si'র আলোকে পরিবেশ সংরক্ষণের অসচেতনতা, মণ্ডলীর কার্যক্রমে নারী-পুরুষের অসম অংশগ্রহণ। বিশপ শরৎ ফ্রান্সিস গমেজ তার দিকনির্দেশনা মূলক সহভাগিতায় বলেন, "মণ্ডলীর অগ্রযাত্রা তখনই ফলপ্রসূ হবে যখন খ্রিস্টমণ্ডলীর প্রত্যেক জন সদস্য নিজের দায়িত্ব ও প্রৈরিতিক কার্য সচেতনভাবে পালন করবে। পরিবার থেকে শুরু করে খ্রীষ্টিয় সমাজ- সকল ক্ষেত্রেই বিশ্বাস ও অংশগ্রহণের সংস্কৃতি গড়ে তুলতে হবে।"

পালকীয় সম্মেলনের শেষাংশে আলোচনার সারসংক্ষেপ ও ভবিষ্যৎ করণীয় নিয়ে আলোচনা হয়। এই আলোচনায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলোর মধ্যে ছিল- পরিবারকেন্দ্রিক বিশ্বাসচর্চা জোরদার করা, প্রতিটি ধর্মপল্লীতে গুণগত শিক্ষা ও আদর্শ গ্রাম কর্মসূচি চলমান রাখা, গঠিত ক্ষুদ্র খ্রীষ্টিয় সমাজ চলমান রাখা এবং সেই সাথে পূর্ববর্তী পালকীয় সম্মেলনে গৃহিত চলমান কার্যক্রমসহ এই বছর যে কার্যক্রম গুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা কার্যকরি করার লক্ষ্যে নতুন উদ্যমে কাজ করার আহ্বান করা হয়। পবিত্র খ্রিস্টযাগ উৎসর্গ করেন পরম শ্রদ্ধেয় বিশপ শরৎ ফ্রান্সিস গমেজ। ঈশ্বরকে ধন্যবাদ জানিয়ে তিনি তার সহভাগিতায় বলেন, "এই পালকীয় সম্মেলন আমাদেরকে সহযাত্রী মণ্ডলী হওয়ার আহ্বান উপলব্ধিতে নতুন দিক নির্দেশ দিয়েছে। এখন প্রত্যেককে তার নিজ নিজ অবস্থান থেকে খ্রিস্টের সহযাত্রী হয়ে সমাজ ও মণ্ডলীর কল্যাণ কাজে এগিয়ে যেতে হবে।"

তিন দিনব্যাপী সিলেট ধর্মপ্রদেশীয় ১৪তম পালকীয় সম্মেলন-এ যাজক, ব্রতধারী-ব্রতধারিনী, ভক্তজনসাধারণসহ মোট ১১৫ জন অংশগ্রহণ করেন। এই পালকীয় সম্মেলনে এসে অংশগ্রহণকারীরা মনে করেন, এ সম্মেলন তাদেরকে নতুন উদ্যমে খ্রিস্টমণ্ডলীর কাজ এগিয়ে নিতে উৎসাহিত করেছে।

SALMELA INTERNATIONAL SCHOOL

346 EAST PADARDIA,
SATARKUL ROAD,
NORTH BADDA,
DHAKA- 1212
BANGLADESH

JOB OPPORTUNITY

Salmela International Bangla Medium School is going to start from January 2026 under the '**Joy & Hope Trust'**. Applications are invited from qualified and experienced Bangladeshi citizens for the following position:

Name of the Post of Teacher	Post	Education Qualifications	Experiences	Additional Requirement
Teachers for the **Salmela International Bangla Medium School**.	04	M.A., M.Sc. M. Com, B. Ed. B. Sc, B. Com, B. A. Hons	Minimum 3-5 years working experiences with a reputed Bangla Medium School in Bangladesh.	1. Age-25- 35 years.

Interested candidates are requested to submit their applications along with C.V on or before the 30th October-2025. Please apply with your recent Passport size Photograph, Photo copy of National ID, Experience certificates, Contact information, and Pastor/Father/Bishop's reference from your church. Write the Position's name on the top of the Envelope.

Please note that **Salmela International School Authority** reserves the right to accept or to reject any or all applications, if they are not submitted according to the above requirements.

Please mail your application to:

The Chairman
Salmela International School
346 East Padardia, Satarkul Road
North Badda, Dhaka-2941

Contact
Phone: +880-1921876099
E-mail: susan.baroi@fida.fi

বিজ্ঞ/২২০/২৫

উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ

চার্চ কমিউনিটি সেন্টার, ৯ তেজকুনীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫
রেজিস্ট্রেশন নং- ৬৬/০৩, মোবাইলঃ ০১৭১৭১৫৩১২৩,
০১৬৩১-৮৪৪৮৭৪, ০১৩৩৯৩৯৯৪৯০
E-mail: ucbss_ltd@yahoo.com, ucbssltd@gmail.com

সূত্র নং: উ.খ্রী.ব.স.স.লি.-এস : ২০২৫-২৬/২০, ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

২৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ হতে ৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

এতদ্বারা **উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ** এর সম্মানিত সকল সদস্য ও খ্রিস্টভক্তদের জানানো যাচ্ছে যে, আগামী **(২৪ অক্টোবর ২০২৫ খিস্টাব্দ শুক্রবার, সকাল ৯টা হতে বিকাল ৪টা পর্যন্ত)** তেজগাঁও চার্চ কমিউনিটি সেন্টার, ৯ তেজকুনীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫-তে সমিতির **(২৯তম বার্ষিক সাধারণ সভার)** আয়োজন করা হয়েছে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় সমিতির সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

সমবায়ী শুভেচ্ছান্তে,

মুক্ত পিউরী
সেক্রেটারি
উ:খ্রী:ব:স:স:লি:

মার্সেল ডি' কস্তা
চেয়ারম্যান
উ:খ্রী:ব:স:স:লি:

অনুলিপি :
১। জেলা সমবায় কর্মকর্তা, ঢাকা
২। মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, তেজগাঁও, ঢাকা।
৩। সমিতির নোটিশ বোর্ড
৪। সমিতির অফিস ফাইল

বিশেষ ঘোষণা :
১। সকলের জন্য দুপুরের আহারের ব্যবস্থা থাকবে।

বিশেষ দ্রষ্টব্য:
১. সমবায় সমিতি আইন ২০১৩ এর ৩৭ ধারা মোতাবেক কোন সদস্যের সমিতিতে শেয়ার বা সদস্য সংক্রান্ত অন্য কোন পাওনা বকেয়া থাকলে তা পরিশোধ না করা পর্যন্ত উক্ত সদস্য বার্ষিক সাধারণ সভায় তার অধিকার প্রয়োগ করতে পারবেন না। খেলাপী সদস্যদের খাদ্যকূপন এবং লটারিতে অংশগ্রহণের সুযোগ থাকবে না।
২. সকাল ৯ টার মধ্যে সভার উপস্থিতি খাতায় স্বাক্ষর করে সদস্যগণকে স্ব স্ব খাদ্য কূপন সংগ্রহ করতে অনুরোধ করা হচ্ছে। সকাল ১০ টার মধ্যে রেজিস্ট্রিকৃত সদস্যদের মধ্যেই কেবলমাত্র কোরাম পূর্তি লটারি ড্র অনুষ্ঠিত হবে।

বিজ্ঞ/২২২/২৫

"সঞ্চয় আমাদের মূল লক্ষ্য, দারিদ্র্য দূরীকরণ আমাদের স্বপ্ন"

নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

NAGARI CHRISTIAN CO-OPERATIVE CREDIT UNION LTD.
(Established: 1962, Registration No. 23/84, Amended: 16/24)

সূত্র: এনসিসিসিইউএল ২০২৫/০৯/২০৮৭ তারিখ: ২৭/০৯/২৫ খ্রিস্টাব্দ

জমি বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে, নিম্ন তফসিল বর্ণিত বন্ধকী জমি বিক্রয় করা হবে। আগ্রহী প্রকৃত ক্রেতাদের অতি সত্বর নিম্ন লিখিত ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। বি:দ্র: জমি ক্রয় এর ক্ষেত্রে অত্র সমিতির সদস্য/সদস্যাদের অগ্রাধিকার দেয়া হবে।

মি. লিটন (পিউস) রোজারিও এর বন্ধকী জমি তফসিল : জেলা : গাজীপুর, থানা : কালীগঞ্জ, মৌজা : বাগদী, খতিয়ান নং- আর.এস-২০, দাগ নং- আর.এস-২১৯, **জমির পরিমাণ : ৩০ শতাংশ।**	**মি. সমর পিউরীফিকেশন এর বন্ধকী জমি** তফসিল : জেলা : গাজীপুর, থানা : কালীগঞ্জ, মৌজা : পানজোরা, খতিয়ান নং- আর.এস-২৯, দাগ নং- আর.এস-১০৬,৩৫৫,৩৬৮, **জমির পরিমাণ : ২৬ শতাংশ।**
মি. শীতল গমেজ এর বন্ধকী জমি তফসিল : জেলা : গাজীপুর, থানা : কালীগঞ্জ, মৌজা : নাগরী, খতিয়ান নং- আর.এস- ৫১, দাগ নং-আর.এস- ২৬, **জমির পরিমাণ : ৫.৩৩ শতাংশ।**	**মিসেস সীতা এসেনসন এর বন্ধকী জমি** তফসিল : জেলা : গাজীপুর, থানা : কালীগঞ্জ, মৌজা : নাগরী, খতিয়ান নং- আর.এস-১১০, দাগ নং- আর.এস-৫১ **জমির পরিমাণ : ০৫ শতাংশ।**
মি. রঞ্জিত রোজারিও এর বন্ধকী জমি তফসিল : জেলা : গাজীপুর, থানা : কালীগঞ্জ, মৌজা : বাগদী, খতিয়ান নং- আর.এস-৪১, দাগ নং- আর.এস-২১৩, ২১৬, ৩০৭, **জমির পরিমাণ : ২৪.০৭ শতাংশ।**	**মি. পলাশ কোড়াইয়া এর বন্ধকী জমি** তফসিল : জেলা : গাজীপুর, থানা : কালীগঞ্জ, মৌজা : পাড়ারটেক, খতিয়ান নং- আর.এস-৩০, দাগ নং- আর.এস-২২৫, ২২৬,২২৭,২২৮,২২৯,২৩০, **জমির পরিমাণ : ০৫ শতাংশ।**
মিসেস মিঠু রোজারিও এর বন্ধকী জমি তফসিল : জেলা : গাজীপুর, থানা : কালীগঞ্জ, মৌজা : বাগদী, খতিয়ান নং- আর.এস-৫৮, দাগ নং- আর.এস-২৬৯, **জমির পরিমাণ : ০৯.৬২ শতাংশ।**	**যোগাযোগ ঠিকানা:** নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: ঠিকানা: নাইট ভিনসেন্ট ভবন, নাগরী, কালীগঞ্জ, গাজীপুর **মোবাইল নম্বর:** ০১৮৭১২২৮৮৫৬

বিজ্ঞ/২১৮/২৫

"সঞ্চয় আমাদের মূল লক্ষ্য, দারিদ্র্য দূরীকরণ আমাদের স্বপ্ন"

নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

NAGARI CHRISTIAN CO-OPERATIVE CREDIT UNION LTD.

(Established: 1962, Registration No. 23/84, Amended: 16/24)

সূত্র: এনসিসিসিইউএল ২০২৫/০৯/২০৯০ তারিখ: ৩০/০৯/২০২৫ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ ব্যবস্থাপনা পরিষদের ১৩তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নিম্ন লিখিত পদে দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মী নিয়োগ প্রদান করা হবে। সংশ্লিষ্ট পদের জন্য যোগ্যতা, অভিজ্ঞতাসহ অন্যান্য শর্তাবলী নিম্নে প্রদান করা হলো:

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স	লিঙ্গ	বেতন	আবেদনের যোগ্যতা
১	সিনিয়র অফিসার-একাউন্টস	১ জন	কমপক্ষে স্নাতক (কমার্স)	৩০-৪৫ বছর	পুরুষ/ মহিলা	নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-এর বেতন স্কেল অনুযায়ী।	➢ ক্রেডিট ইউনিয়ন/ব্যাংক/আর্থিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। ➢ ক্রেডিট ইউনিয়ন সম্পর্কে জ্ঞান থাকতে হবে। ➢ সমবায় আইন ও বিধিমালা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ➢ বার্ষিক হিসাব বিবরণী এবং বাৎসরিক বাজেট প্রণয়ন সম্পর্কে জ্ঞান থাকতে হবে। ➢ দৈনিক আর্থিক লেনদেন সম্পন্ন ও হিসাব ভুক্তকরণ, ভ্যাট-ট্যাক্স, অভ্যন্তরীণ নিরীক্ষা কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ➢ কম্পিউটার অপারেটিং-এ (এম.এস এক্সসেল, এম.এস ওয়ার্ড ও পাওয়ার পয়েন্ট) জ্ঞান থাকা জরুরী। বাংলা ও ইংরেজী টাইপিং এবং রিপোর্ট তৈরীর ক্ষেত্রে পারদর্শী হতে হবে। ➢ হিসাব সংক্রান্ত ফাইল, রেজিস্টার হালনাগাদ ও সংরক্ষণ। ➢ ক্রয় প্রক্রিয়া সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে। ➢ কার্যকরী যোগাযোগ স্থাপনে সক্ষম হতে হবে।

শর্ত ও নিয়মাবলীঃ-

১. লিখিত আবেদনপত্র সহ পূর্ণ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, চাকুরী অভিজ্ঞতার সনদ পত্রের ফটোকপি, সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি জমা দিতে হবে।
২. নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর নিয়মিত সদস্য/সদস্যাদের অগ্রাধিকার দেয়া হবে।
৩. ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচনা করা হবে।
৪. সমিতির প্রয়োজনে যে কোন দিন ও যে কোন সময় কাজ করার মানসিকতা থাকতে হবে।
৫. শিক্ষানবিস কাল ০৬ (ছয়) মাস। চাকুরী স্থায়ীকরণের পর সমিতির পে-স্কেল ও পলিসি অনুযায়ী বেতন, প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি প্রাপ্ত হবেন।
৬. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
৭. আবেদনপত্র যাচাই/বাছাই এবং নিয়োগ সম্পর্কে ব্যবস্থাপনা পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
৮. কর্মস্থল: নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।
৯. প্রাথমিক বাছাইয়ের পর কেবল মাত্র যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেওয়া হবে।
১০. প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য বা কাগজপত্র অসত্য/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র আগামী ১৫/১০/২০২৫ খ্রিস্টাব্দ, তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে নিম্নলিখিত ঠিকানায় পৌঁছাতে হবে।
১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/ গ্রহণ/ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির অধিকার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সমবায়ী শুভেচ্ছান্তে,

বিদ্যুৎ ভিক্টর এসেনসন
সেক্রেটারী, ব্যবস্থাপনা পরিষদ
নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:।

আবেদনপত্র পাঠাবার ঠিকানা

প্রধান নির্বাহী কর্মকর্তা
নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:
নাইট ভিনসেন্ট ভবন, নাগরী, কালীগঞ্জ, গাজীপুর।

Address: P.O.: Nagari, Upazila: Kaligonj, Dist.: Gazipur, Bangladesh
Mobile: 01716898929, E-mail: nagari_cccu@yahoo.com

বিজ্ঞ/২২১/২৫

সাপ্তাহিক প্রতিবেশী

স্বর্গধামে যাত্রার ২য় বর্ষ

প্রয়াত তেরেজা রোজারিও

জন্ম: ১২ জুলাই ১৯৩০ খ্রিস্টাব্দ
মৃত্যু: ১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

মা, তুমি ছিলে, আছো এবং থাকবে মোদের হৃদয় মাঝারে।

দেখতে দেখতে চলে এলো সেই বেদনাবিধূর দিনটি ১২ অক্টোবর, যেদিন তুমি আমাদের শোক সাগরে ভাসিয়ে চলে গেলে পরম পিতার রাজ্যে। আমরা ভাবতে পারিনি হঠাৎ তুমি আমাদের মায়া ছেড়ে চলে যাবে। তোমার এ শূন্যতা আমরা প্রতিটি মুহূর্তে অনুভব করি। তুমি রয়েছো আমাদের হৃদয় জুড়ে। ব্যক্তি জীবনে তুমি ছিলে কঠোর পরিশ্রমী, ধার্মিক, সৎ, দয়ালু ও ধৈর্য্যশীলা মা। পরম করুণাময় ঈশ্বরের নিকট প্রার্থনা করি যেন তিনি তোমাকে তাঁর শাশ্বত রাজ্যে অনন্ত শান্তি দান করেন। স্বর্গ থেকে তোমার সন্তানদের আশীর্বাদ করো, আমরা যেন তোমার আদর্শে জীবন-যাপন করতে পারি এবং জীবন শেষে আবার তোমার সাথে ঈশ্বরের রাজ্যে মিলিত হতে পারি।

তোমারই আদরের
সন্তানেরা
নাতি, নাতনীরা
পুতি, পুতিনরা

বিজ্ঞা/২১৬/২৫

বর্ষ ৮৫ ❖ সংখ্যা - ৩৫
THE WEEKLY PRATIBESHI
Issue - 35
Regd. No. DA-33
✦ 5 - 11 October 2025, ২০ - ২৬ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ

BOOK POST

তেজগাঁও ধর্মপল্লীর প্রতিপালিকা
পবিত্র জপমালার রাণী মা মারীয়ার পর্বোৎসব ২০২৫ খ্রিস্টবর্ষ

প্রিয় সুধী,

সবার প্রতি রইলো খ্রিস্টীয় প্রীতি ও শুভেচ্ছা। অতি আনন্দের সাথে জানানো যাচ্ছে, আগামী ১০ অক্টোবর, ২০২৫ খ্রিস্টবর্ষ রোজ শুক্রবার তেজগাঁও ধর্মপল্লীর প্রতিপালিকা পবিত্র জপমালা রাণী মা মারীয়ার পর্ব মহাসমারোহে পালন করা হবে। মা মারীয়ার এই পর্বোৎসবে অংশগ্রহণ করতে ও তাঁর মধ্য দিয়ে ঈশ্বরের আশীর্বাদ লাভ করতে আপনারা সবাই আমন্ত্রিত।

পর্বকর্তাদের শুভেচ্ছা দান ১০০০ টাকা মাত্র।

ধন্যবাদান্তে,

পাল-পুরোহিত
ফাদার জয়ন্ত এস. গমেজ
ও পালকীয় পরিষদ
তেজগাঁও, ঢাকা।
মোবাইল: ০১৭২৬৩১১১৯৯

নভেনা খ্রিস্টযাগ
১ - ৯ অক্টোবর- ২০২৫ খ্রিস্টবর্ষ
সকাল ৬:০০ টা এবং বিকাল ৫:৩০ মিনিট

পর্বীয় খ্রিস্টযাগ
১০ অক্টোবর ২০২৫ খ্রিষ্টবর্ষ
সকাল ৬:০০ টা এবং ৯:০০ টা

বিজ্ঞ/২১৫/২৫

প্রতিবেশী'র বড়দিন সংখ্যার জন্য বিশেষ বিজ্ঞপ্তি

সুপ্রিয় পাঠক, গ্রাহক এবং শুভাকাঙ্ক্ষী ভাইবোনেরা শুভেচ্ছা নিবেন। খ্রিস্টানদের সবচেয়ে বড় আনন্দোৎসব 'বড়দিন' উপলক্ষে 'সাপ্তাহিক প্রতিবেশী'র বিশেষ সংখ্যা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত বছরের ন্যায় এবারের 'বড়দিন সংখ্যাটি' বড়দিনের আগেই পাঠক ও গ্রাহকদের হাতে তুলে দেয়ার আন্তরিক প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এই শুভ উদ্যোগকে সফল করতে লেখক ও বিজ্ঞাপনদাতাসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। আমরা আশা ও বিশ্বাস করি সকলের আন্তরিক প্রচেষ্টা, সহযোগিতা ও সমর্থনে 'প্রতিবেশী'র বড়দিন সংখ্যাটি' কাঙ্ক্ষিত সময়ে পাঠক-পাঠিকা, গ্রাহক ও শুভানুধ্যায়ীদের কাছে পৌঁছে দিতে সক্ষম হবো। এই মহৎ উদ্যোগকে সফল করার জন্য আপনিও সক্রিয় অংশগ্রহণ করুন।

আকর্ষণীয় বড়দিন সংখ্যার জন্য বিজ্ঞাপন দিন

সম্মানিত বিজ্ঞাপনদাতাগণ বহুল প্রচারিত ও ঐতিহ্যবাহী 'সাপ্তাহিক প্রতিবেশী'র বড়দিন সংখ্যায় বিজ্ঞাপন দেওয়ার কথা কি ভাবছেন? রঙিন কিংবা সাদা-কালো, যেকোন সাইজের, ব্যক্তিগত, পারিবারিক, প্রাতিষ্ঠানিক সকল প্রকার বিজ্ঞাপন ও শুভেচ্ছা আমাদের কাছে পৌঁছে দেওয়ার বিনীত অনুরোধ জানাচ্ছি। আমরা আশা করি দেশ-বিদেশের বন্ধুগণ, আপনারা আর দেরি না করে আপনাদের বিজ্ঞাপন ও শুভেচ্ছাগুলো আজই আমাদের কাছে পাঠিয়ে দিন। বিগত কয়েক বছরের মতোই এবারের বড়দিন সংখ্যার বিজ্ঞাপন হার: -

শেষ কভার (চার রঙ)	৫০,০০০ টাকা	৫৫৫ ইউরো বুক্ড	৭২০ ইউএস ডলার
প্রথম কভার ভিতরে পূর্ণপৃষ্ঠা (চার রঙ)	৪০,০০০ টাকা	৪৪৫ ইউরো বুক্ড	৫৮০ ইউএস ডলার
শেষ কভার ভিতরে পূর্ণপৃষ্ঠা (চার রঙ)	৪০,০০০ টাকা	৪৪৫ ইউরো	৫৮০ ইউএস ডলার
ভিতরে পূর্ণপৃষ্ঠা (চার রঙ)	২৫,০০০ টাকা	২৮০ ইউরো	৩৬০ ইউএস ডলার
ভিতরে অর্ধপৃষ্ঠা (চার রঙ)	১৫,০০০ টাকা	১৭০ ইউরো	২২০ ইউএস ডলার
ভিতরে পূর্ণপৃষ্ঠা (সাদা-কালো)	১২,০০০ টাকা	১৩৫ ইউরো	১৮০ ইউএস ডলার
ভিতরে অর্ধপৃষ্ঠা (সাদা-কালো)	৭,০০০ টাকা	৮০ ইউরো	১০০ ইউএস ডলার
ভিতরে এক চতুর্থাংশ (সাদা-কালো)	৪,০০০ টাকা	৪৫ ইউরো	৬০ ইউএস ডলার
সাধারণ প্রথম পূর্ণপৃষ্ঠা (সাদা-কালো)	২০,০০০ টাকা	২২৫ ইউরো	২৯০ ইউএস ডলার
সাধারণ শেষ পূর্ণপৃষ্ঠা (সাদা-কালো)	২০,০০০ টাকা	২২৫ ইউরো	২৯০ ইউএস ডলার

আর দেরি নয়, আসন্ন বড়দিনে প্রিয়জনকে শুভেচ্ছা জানাতে এবং আপনার প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দিতে আজই যোগাযোগ করুন।

বি: দ্র: শুধুমাত্র বাংলাদেশে অবস্থানরত বাংলাদেশী বিজ্ঞাপনদাতাদের জন্য বাংলাদেশী টাকায় বিজ্ঞাপন হারটি প্রযোজ্য।

বিজ্ঞাপনদাতাদের সদয় অবগতির জন্য জানাচ্ছি, বিজ্ঞাপন বিল অবশ্যই অগ্রিম পরিশোধযোগ্য।

বিজ্ঞাপন বিভাগ, সাপ্তাহিক প্রতিবেশী
৬১/১ সুভাষ বোস এভিনিউ, লক্ষীবাজার ঢাকা-১১০০, ফোন : (৮৮০-২) ৪৭১১৩৮৮৫
E-Mail: wklypratibeshi@gmail.com বিকাশ নম্বর - ০১৭৯৮ ৫১৩০৪২

Edited & Published by **Fr. Bulbul Augustine Rebeiro,** Christian Communications Centre, 61/1, Subhash Bose Avenue, Luxmibazar, Dhaka-1100, Bangladesh, Phone : (880-2) 47113885, Printed at Jerry Printing, 61/1, Subhash Bose Avenue, Luxmibazar, Dhaka-1100, Phone : 47113885, E-Mail : **wklypratibeshi@gmail.com,** Web: weekly.pratibeshi.org